পশ্চিমবাংলার তাঁতশিল্প

১৯৭৫-৭৬

ডাইরেক্টরেট অব্ হ্যাণ্ডলুম অ্যাণ্ড টেকস্টাইলস্ ।

তাঁতশিল্পের উন্নতির জন্য এখন পর্য্যন্ত বিভিন্ন রকমের যে সব সাহায্য করা হয়েছে পঞ্চম পরিকল্পনা কালেও সে সব সাহায্য নিঃসন্দেহে অব্যাহত থাকবে। এছাড়া এই পরিকল্পনাকালে আরও কিছু নতুন প্রকল্প চালু করার ব্যবস্থা করা হচ্ছে যাতে শিল্পটির উন্নয়ন ও সম্প্রসারণের ধারা অক্ষুণ্ণ থাকে। আমাদের প্রচেষ্টার মূল লক্ষ্য এই শিল্পের ভবিষ্যৎ সম্পর্কে শিল্পীদের আত্মপ্রত্যয় সৃষ্টি, তাঁদের স্বনির্ভর করে তোলা ও মনে আশ্বাস যোগানো, আর সামগ্রিক উৎপাদন বৃদ্ধি, নক্সার উন্নতি, শিল্পীদের ন্যায্য বেতন বা মজুরী লাভের পথের বাধাগুলি দূর করা এবং দেশের অভ্যন্তরে ও বিদেশে বাজার সম্প্রসারণ।

পশ্চিম বাংলায় তাঁতশিল্পে নিযুক্ত হাজার হাজার শিল্পীর যত্ন ও চেষ্টায় এই সুপ্রাচীন কুটীর শিল্পটি নানা প্রতিকূলতার মধ্যে বেঁচে আছে। আজকের দিনে আমরা বিশেষভাবে আশা করব যে আমাদের প্রচেষ্টা সীমিত হলেও এই শিল্প ও শিল্পীদের জীবনযাত্রার মান কিছুটা উন্নততর করবে।

নৃপতি ঘোষাল
যুগ্ম শিল্প অধিকর্তা (তাঁতশিল্প)
পশ্চিমবঙ্গ

তাঁতশিল্পের ভুমিকা

তাঁতশিল্প অতি প্রাচীন শিল্প। জাতীয় অর্থনীতিতে এই শিল্পের ভুমিকা বিশেষ গুরুত্বপূর্ণ। ভারতের লক্ষ লক্ষ নর-নারী দেহাবরণের জন্য এই শিল্পের উপর নির্ভরশীল। সুদূর অতীতকাল থেকে আজ পর্য্যন্ত দেশের জন-সংখ্যার বৃহত্তর এক অংশ এই শিল্পের সঙ্গে যুক্ত হয়ে তাঁদের জীবিকা অর্জন করছেন।

তাঁতশিল্পের উন্নয়ন ও প্রশাসনিক কাঠামো

দেশের অর্থনীতির ক্ষেত্রে তাঁতশিল্পের গুরুত্বপূর্ণ অবদানের কথা স্মরণ রেখে সরকার এই শিল্পের উন্নতিকল্পে বিভিন্ন কর্মসূচী রূপায়ণ করে থাকেন। পশ্চিম বাংলায় কুটীর ও ক্ষুদ্র শিল্পাধিকারের নিয়ন্ত্রণাধীনে এই শিল্পের উন্নয়ন কর্মসূচী রূপায়িত হয়। কর্মসূচীগুলি কার্যকরী করার সরাসরি দায়িত্ব যুগ্মশিল্প অধিকর্তা (হস্ততাঁত) এর। তাঁত শিল্পীরা রাজ্যের বিভিন্ন জায়গায় ছড়িয়ে রয়েছেন। শিল্পীদের সঙ্গে যাতে ঘনিষ্ঠ যোগাযোগ রাখা যায় সেজন্য আমাদের তিনটি বিভাগ ও তেরটি উন্নয়ন অঞ্চল সমগ্র পশ্চিমবঙ্গে আছে। তিনটি বিভাগে রয়েছেন তিনজন উপশিল্প অধিকর্তা (হস্ততাঁত) এবং প্রতিটি উন্নয়ণ অঞ্চলে রয়েছেন হস্ততাঁত উন্নয়ণ আধিকারিক। উন্নয়ণ অঞ্চলের প্রতিটি মূল দপ্তরের সঙ্গে একটি করে কারিগরী শিক্ষণ কেন্দ্র যুক্ত রয়েছে। কলকাতায় নতুন মহাকরণ ভবনে একটি নক্সা কেন্দ্র আছে যার প্রত্যক্ষ দায়িত্বে রয়েছেন একজন সহকারী শিল্প অধিকর্তা।

রাজ্যের শক্তিচালিত তাঁতশিল্পও এই দপ্তরের নিয়ন্ত্রণাধীন। এই শিল্পের উন্নতিকল্পে যে কর্মসূচী রূপায়িত হয় সে কাজে যুগ্মশিল্প অধিকর্তা (হস্ততাঁত)-কে সাহায্য করবার জন্য রয়েছেন একজন বিদ্যুৎচালিত তাঁত উপদেষ্টা।

টেক্সটাইল লাইসেন্সের যাবতীয় কাজ আমরা করে থাকি। আমাদের এই অফিস ৬ নং চাচ লেন, কলিকাতা ৭০০০০১ এর ৪র্থ তলে অবস্থিত। একজন সহকারী শিল্প অধিকর্তা (বস্ত্রশিল্প) এর তত্ত্বাবধান করেন। এখান থেকে বস্ত্র উৎপাদনের জন্য প্রয়োজনীয় নতুন লাইসেন্স দেওয়া হয় এবং পুরানো লাইসেন্স নবীকরণ করা হয়।

অদূর ভবিষ্যতে, অন্যান্য রাজ্যের মত, একটি ডাইরেক্টরেট্ অব হ্যাণ্ডলুম স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে। আর হস্ততাঁত ও বিদ্যুৎচালিত তাঁতশিল্পীদের এবং শিল্প-মালিকদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষার জন্য পশ্চিম বাংলার যে সব জেলায় হস্তচালিত তাঁত ও বিদ্যুৎচালিত তাঁতের সংখ্যা অনেক, সে সব জায়গায় একটি করে হ্যাণ্ডলুম ডেভলপমেন্ট অফিস স্থাপনের পরিকল্পনা আছে।

তাঁতশিল্পের উন্নতি ও সম্প্রসারণের জন্য যে কর্মসূচী নেওয়া হয়েছে সংক্ষেপে সেগুলির বিবরণ নীচে দেওয়া হল।

উৎপাদনমূলক কর্মসূচী

সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী পশ্চিম বাংলায় তাঁতের সংখ্যা ১,৯৮,৫৮৫। প্রায় পাঁচ লক্ষ কর্মী তাঁতবস্ত্রের উৎপাদনকার্যে নিযুক্ত। সারা রাজ্যে শিল্পীরা ছড়িয়ে আছেন, তাঁদের সমস্যা অনেক প্রকারের। সমস্যাগুলিকে দূর করে শিল্পটিকে উন্নতির পথে নিয়ে যাওয়ার জন্য এবং এটিকে দৃঢ় ভিত্তিক করে তোলার জন্য কতকগুলি কর্মসূচী নেওয়া হয়েছে, সাধারণভাবে এই কর্মসূচীগুলি হল :—

ক) কারিগরী শিক্ষণ

দক্ষ শিল্পী গড়ে তোলার জন্য পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলে ছ'টি উন্নত ধরনের প্রশিক্ষণ কেন্দ্র ও তেরটি প্রাথমিক শিক্ষাকেন্দ্র আছে। এই কেন্দ্রগুলিতে উন্নত ধরনের বিভিন্ন প্রকার বয়ন শিক্ষার ব্যবস্থা আছে। প্রাথমিক শিক্ষণকালে প্রত্যেক শিক্ষার্থী মাসিক কুড়ি টাকা করে এবং উন্নত ধরনের শিক্ষণকালে মাসিক পঞ্চাশ টাকা বৃত্তি লাভ করেন। আজকাল উন্নত ধরনের সরঞ্জামের সাহায্যে কাপড়ে নানা ধরণের নক্সা ফুটিয়ে তোলার কৌশলও এইসব শিক্ষাকেন্দ্রে শেখান হয়। উন্নত ধরণের প্রশিক্ষণ কেন্দ্রে প্রতিবছর ১৪ জন ও প্রাথমিক শিক্ষাকেন্দ্রে ৬৫ জন শিক্ষার্থী নেওয়া হয়।

খ) কার্যকরী মূলধন

প্রয়োজনীয় অর্থাভাব কুটীর শিল্পে নিযুক্ত কর্মীদের সুষ্ঠুভাবে কাজ করার পথে প্রধান বাধা। এই অর্থাভাব দূর করার জন্য সমবায় সমিতিভুক্ত তাঁতশিল্পীদের কার্যকরী মূলধন বাবদ তুলাজাত বস্ত্র উৎপাদনের জন্য তাঁত পিছু ৭৫০, টাকা, রেশম বস্ত্রের জন্য তাঁতপিছু ১৩৫০, টাকা এবং পশমজাত বস্ত্রের জন্য তাঁতপিছু ৫০০, টাকা ঋণ দেওয়ার ব্যবস্থা সরকার থেকে করা হয়।

ভারত সরকার ১৯৫৭-৫৮ সাল থেকে তাঁত শিল্পীদের রিজার্ভ ব্যাঙ্ক থেকে মূলধন দেওয়ার পরিকল্পনা চালু করেছেন। এই ব্যবস্থা অনুযায়ী সমিতিগুলি তথা শিল্পীরা কম সুদে কার্যকরী মূলধন পেয়ে থাকেন। বাঁকুড়া ও অন্যান্য কয়েকটি জায়গায় রিজার্ভ ব্যাঙ্ক অনুসৃত নীতি অনুযায়ী সমবায় কেন্দ্রীয় ব্যাঙ্কগুলি বেশ কয়েকটি সমিতিকে ঋণ দিয়েছেন। অদূর ভবিষ্যতে যাতে এই প্রকল্প রাজ্যের অন্যান্য অংশে কার্যকরী করা যায় তার চেষ্টা করা হচ্ছে।

এতদিন পর্য্যন্ত সরকারী ও সমবায় ব্যাঙ্কের আর্থিক বিনিয়োগ শুধু সমবায় সমিতিদের মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু বর্তমানে সরকার সমবায় সমিতি ও ব্যক্তিগত মালিকানা উভয় ক্ষেত্রেই যাতে উপযুক্ত কার্যকরী মূলধন সরবরাহ সম্ভব হয় তার চেষ্টা করছেন। রাষ্ট্রায়ত্ব ও সমবায় ব্যাঙ্কগুলি তাদের প্রচলিত অর্থ বিনিয়োগ নিয়ম এবং ভারত সরকার কর্তৃক প্রচলিত 'Differential Interest Rate Scheme' অনুসারে ব্যক্তিগত মালিকানার অধীন তাঁতে মূলধন বিনিয়োগ করছেন। ফুলিয়া, নবদ্বীপ, ভাতজাংগলা, গঙ্গারামপুর প্রভৃতি স্থানে শিল্পীরা এই সুবিধা পাচ্ছেন। এই পরিকল্পনায় লগ্নী হয়েছে—

১৯৭৩	—	৩১.৫০ লক্ষ টাকা	—	৩৩৫৪ প্রতিষ্ঠান
১৯৭৪	—	২৫.৫১ ,, ,,	—	১১৬৯ ,,

এই পরিকল্পনার আরও সম্প্রসারণ হচ্ছে।

গ) সমবায় সমিতি সংগঠন ও শেয়ার ক্রয়

শিল্পীদের সমবায় সমিতিভুক্ত করার ব্যাপক পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। সমবায় সমিতিভুক্ত শিল্পীদের জন্য উন্নয়ন মূলক প্রকল্প গ্রহণ করা সহজ। আমরা এ পর্য্যন্ত ২৭৯ টি নতুন সমিতি গঠন করেছি এবং ৬৩টি বন্ধ সমিতির দরজা খুলতে পেরেছি। সমিতির সভ্য তালিকাভুক্ত হওয়ার জন্য নিম্নবিত্ত শিল্পীদের মাথাপিছু প্রতি একশত টাকা শেয়ারের মধ্যে পঁচাত্তর টাকা সরকারী ঋণ দেওয়ার ব্যবস্থা রয়েছে।

ঘ) উন্নত ধরণের সাজ সরঞ্জাম বিতরণ

মিলের কাপড়ের সঙ্গে অসম প্রতিযোগিতা থেকে তাঁত শিল্পকে বাঁচাতে হলে এর উৎপাদন

বাড়ানো প্রয়োজন এবং ক্রেতাদের পরিবর্তনশীল চাহিদা অনুযায়ী উৎপাদনে বৈচিত্র্য আনা প্রয়োজন। এই উদ্দেশ্যে শিল্পীদের মধ্যে উন্নত ধরণের সাজ সরঞ্জাম বিতরণ করা হয়। এই সাহায্য আংশিকভাবে ঋণ ও আংশিক অনুদান হিসাবে দেওয়া হয়। বিভিন্ন দ্রব্যে ঋণ ও অনুদানের বিষয়সূচী টেব্‌ল্‌—৮-এ দ্রষ্টব্য।

ঙ) সুন্দর ডিজাইন ও পুরস্কার

শিল্পীদের শিল্প প্রতিভার স্বীকৃতি স্বরূপ এবং তাঁদের উৎসাহিত করার জন্য প্রতিবছর বিভিন্ন বিভাগে জেলা ও রাজ্যভিত্তিক প্রতিযোগীতা এবং শ্রেষ্ঠ শিল্পীদের পুরস্কার দেওয়ার ব্যবস্থা আছে। এর উদ্দেশ্য শিল্পীদের নতুন ডিজাইন ও গঠনরীতিতে কাপড় তৈরী করতে অনুপ্রাণিত করা এবং এই জাতীয় কাপড়ের উৎপাদন বাড়ানো।

চ) নক্সা কেন্দ্র

এই কেন্দ্রের কাজ হল যুগোপযোগী পরিবর্তনশীল রুচির সঙ্গে সমতা রেখে নতুন নতুন নক্সা উদ্ভাবন, নক্সাগুলি রাজ্যের দূর দূরান্তরে ছড়িয়ে থাকা শিল্পীদের মধ্যে বিতরণ এবং নক্সাগুলি কাজে লাগাতে হাতে কলমে শিক্ষাদান। কলকাতায় যে নক্সাকেন্দ্রটি রয়েছে তার কাজ হল :

১) আধুনিক নক্সা উদ্ভাবন ও শিল্পীদের মধ্যে বিতরণ।

২) শিল্পীদের মনোনীত নক্সা গ্রাফ কাগজে তোলা।

৩) নক্সাকে কাপড়ে ফুটিয়ে তোলার কারিগরী পরামর্শ দান।

৪) কাপড় বোনার নানা উন্নত পদ্ধতির দিকনির্দেশ।

সরকারী উদ্যোগে একটি Textile Testing Laboratory স্থাপন করা হচ্ছে। এই নক্সা কেন্দ্রের সঙ্গে ঘনিষ্ঠভাবে সহযোগীতা করছেন শ্রীরামপুর টেক্সটাইল কলেজের তাঁত বিষয়ক গবেষণা কেন্দ্র।

ছ) তন্তুজ সজ্জা-উপকরণের পরীক্ষামূলক গবেষণা কেন্দ্র

পশ্চিম বাংলার তাঁতশিল্পে শাড়ী, ধুতি গামছা ও কিছু বিছানার চাদর, বেডকভার ইত্যাদি তৈরী হয়। যদি উৎপাদন ব্যবস্থা নানারকম না হয় তাহলে উৎপন্ন দ্রব্যের বাজার ক্রমশঃ সঙ্কুচিত হবে। বাজার সম্প্রসারণ এবং উৎপাদনে বৈচিত্র আনার জন্য পঞ্চম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় তমলুকে একটি Experimental Research Centre in Furnishing Fabrics স্থাপন করা হচ্ছে। প্রাথমিক কাজও আরম্ভ হয়ে গেছে।

কাঁচামালের সমস্যা ও প্রতিকার

কাঁচামাল অর্থাৎ সুতার জন্য পশ্চিম বাংলাকে বেশীর ভাগ ক্ষেত্রে দক্ষিণ ও পশ্চিম ভারতের উপর নির্ভর করতে হয়। এই রাজ্যে হস্তচালিত তাঁতের প্রয়োজনীয় পর্যাপ্ত মিহি সুতা তৈরীর জন্য যথেষ্ট সুতাকল নেই এবং চাহিদার তুলনায় সরবরাহ কম। পর্যাপ্ত কাঁচামাল সরবরাহের অভাব এই শিল্পকে অত্যন্ত অসুবিধার মধ্যে নিয়ে গেছে। নানা কারণে ১৯৭৩ সালে খোলা বাজারে সুতার দাম ক্রমশঃ উর্দ্ধমুখী হয়েছিল। এই সমস্যা আসলে খুব তীব্র আকার ধারণ করে ১৯৭১ সাল থেকে এবং এর প্রতিকারের জন্য কেন্দ্রীয় সরকার দুটি স্কীম চালু করেন—১) ইয়ার্ণপুল স্কীম, ২) ভলান্টারী স্কীম। এই দু'টি স্কীমের মাধ্যমে মোটা ও মিহি সুতা মিলিয়ে এক বৎসরে সারা পশ্চিম বাংলায় ৭ লক্ষ ৭৫ হাজার কে জি সুতা বন্টন করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয় অনেক ক্ষেত্রেই সুতাকলগুলি বরাদ্দ সুতার অধিকাংশ নানা অজুহাতে সরবরাহ করেনি। এরপর সুতার

সমস্যা আরও তীব্র হওয়ার পর কেন্দ্রীয় সরকার ১৯৭৩ সালের মার্চ মাসে সুতার উপর পূর্ণ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করেন। এই নিয়ন্ত্রণ ব্যবস্থার আওতায় আমরা ৮৩ লক্ষ ৪৭ হাজার কে জি সুতার বরাদ্দ লাভ করেছিলাম, আর সুতাকলগুলির কাছ থেকে প্রকৃতপক্ষে সরবরাহ পেয়েছিলাম মোট ৩৭ লক্ষ ১৮ হাজার কে. জি। অধিকাংশ সুতামিলগুলি নানা কারণে সরবরাহ করেনি। আমরা সর্ব প্রকার চেষ্টা সত্বেও সরবরাহের পরিমাণ উন্নত করতে পারিনি। মোট বরাদ্দ ছিল আমাদের হস্তচালিত ও বিদ্যুৎচালিত তাঁতের মাসিক প্রয়োজনের শতকরা পঁচিশ ভাগ, আর পাওয়া গিয়েছিল এই আংশিক বরাদ্দের শতকরা চল্লিশ ভাগ। এই সুতা আমরা অনেক ডিলার এবং এ্যাসোসিয়েশনের মারফত পারমিট ও ইয়ার্ণ কার্ডের সাহায্যে শিল্পীদের মধ্যে বিতরণ করেছি। সুতরাং দেখা যাচ্ছে যে সুতা সরবরাহের ক্ষেত্রে বাস্তব কতকগুলি অসুবিধা আমাদের থেকেই যাচ্ছে। এই অবস্থায় সরকার বিশেষভাবে চিন্তা করছেন যাতে আমাদের আভ্যন্তরীণ চাহিদা রাজ্যের উৎপাদন থেকেই মেটানো যায়। এই প্রসঙ্গে উল্লেখ করা যায় সরকার নিয়ন্ত্রিত কল্যাণী ও হাবড়ায় অবস্থিত দুইটি সুতাকল শিল্পীদের চাহিদা কিছুটা মেটাতে সক্ষম হয়েছে। শ্রীরামপুরে অবস্থিত সমবায় সুতাকলটি ইতিমধ্যে চালু করা হয়েছে এবং সেখানে সুতার উৎপাদন হচ্ছে। এই সুতাকলে বর্তমানে ৩১ কাউন্টের (Hank) সুতা তৈরী হয়। সরকার চেষ্টা করছেন, এই সুতা কলটির টাকুর সংখ্যা বর্তমানে ১১৫০০ পর্যন্ত বাড়াবার। মিলটি পূর্ণ টাকুসংখ্যা সহ চালু হলে মোটা সুতার সরবরাহ অনেকটা বাড়বে। এছাড়া পঞ্চম পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় উত্তর বাংলায় একটি পঁচিশ হাজার টাকু বিশিষ্ট সুতাকল স্থাপনে সরকার উদ্যোগী হয়েছেন। এই সুতাকলটি পশ্চিম দিনাজপুর জেলায় স্থাপিত হবে এবং এর জন্যে প্রয়োজনীয় লাইসেন্স পাওয়া গেছে। প্রাথমিক Project Report ও তৈরী হয়ে গেছে। West Bengal Handloom and Powerloom Development Corporation Ltd. নতুন একটি Public Limited Company স্থাপন করছেন এবং এর জন্যে সরকার ইতিমধ্যেই ২৭ লক্ষ টাকা মঞ্জুর করেছেন।

ওয়েষ্ট বেঙ্গল হ্যাণ্ডলুম অ্যাণ্ড পাওয়ারলুম ডেভলপ্‌মেণ্ট কর্পোরেশন লিঃ

সরকারী উদ্যোগে সীমিত বিপণন ব্যবস্থার জন্য হস্তচালিত তাঁত ও বিদ্যুৎ চালিত তাঁত শিল্পীরা উৎপাদন দ্রব্য বিক্রয় ও সুতা সরবরাহের জন্য মহাজনদের দ্বারস্থ হন। তাঁদের অসহায়তার সুযোগ নিয়ে মহাজনেরা তাঁদের শোষণ করেন। এই পরিস্থিতির প্রতিকারের জন্য পশ্চিমবঙ্গ সরকার ইতিমধ্যে **ওয়েষ্ট বেঙ্গল হ্যাণ্ডলুম অ্যাণ্ড পাওয়ারলুম ডেভলপ্‌মেণ্ট কর্পোরেশন** গঠন করেছেন। এই সংস্থা এঁদের কাজ সুরু করেছেন। বর্তমানে এই সংস্থার কাজ হল : –

ক) তাঁতশিল্পীদের ন্যায্য মূল্যে সুতা সরবরাহ।

খ) ব্যাঙ্কের সহযোগিতায় উৎপাদন ও বিপণনের সুষ্ঠু ব্যবস্থা।

গ) শক্তিচালিত তাঁত প্রতিষ্ঠানগুলিতে পোড়েনের সুতা সরবরাহ।

ঘ) নির্দিষ্ট চাহিদার ভিত্তিতে শক্তিচালিত তাঁতে তৈরী কাপড় সংগ্রহ।

ঙ) শক্তিচালিত তাঁত কেন্দ্রগুলিতে সাইজ্‌ড বীম সরবরাহ এবং কাপড় ক্যালেণ্ডারিংয়ের ব্যবস্থা।

চ) তাঁতীদের সুতা সরবরাহ করে তাদের কাছ থেকে কাপড় সংগ্রহের ব্যাপক উৎপাদন প্রকল্পের প্রচলন।

কর্পোরেশন এ পর্যন্ত কলিকাতা, মেদিনীপুরের রাধামণি বাজার, বাঁকুড়া, মুর্শিদাবাদের বহরমপুরে ও পশ্চিমদিনাজপুরের গঙ্গারামপুরে পাঁচটি ডিপো স্থাপন করেছেন। কর্পোরেশন কুচবিহার শহরে ও হুগলীর বেগমপুরে শীঘ্রই ডিপো স্থাপন করবে। ১৯৭৪ সালে এই সংস্থা তন্তু-

শিল্পীদের মধ্যে শতকরা ৬০ ভাগ সুতা ও ৪০ ভাগ নগদ দিয়ে কাপড় সরবরাহের পরিকল্পনা প্রচলন করেছে এবং ইতিমধ্যে এই পরিকল্পনায় বেশ কিছু তন্তু শিল্পী উপকৃত হয়েছেন। কর্পোরেশন সুতো ও ষ্টেপল সুতো ছোট ছোট তন্তুশিল্পীদের মধ্যে বিক্রি করছে এবং ১৯৭৪-৭৫ ও ১৯৭৫-৭৬এ কর্পোরেশনের-এর সুতো ও কাপড় ক্রয় বিক্রয়ের হিসাব নীচে দেওয়া হল —

	সুতো (কেজিতে)		—	স্টেপল (কেজিতে)		—	কাপড় (টাকায়)	
	ক্রয়	বিক্রয়		ক্রয়	বিক্রয়		ক্রয়	বিক্রয়
১৯৭৪-৭৫	১,৮৬,৭৩১	১,৬৩,০৭২	—	১,৯৭,৫০০	১,৪০,৪০০	—	৯,৮৫,১১০	৭,৪১,৮৮১
১৯৭৫-৭৬ (১৬শে মে ১৯৭৫ পর্যন্ত)	৫,৯১৫	৫,৬৪১	—	—	৩০০	—	—	—

ওয়েষ্টবেঙ্গল ষ্টেট হ্যাণ্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ

এই সংস্থা সরকার কর্তৃক অধিগৃহীত হওয়ার পর অনেক উন্নতি করেছে। এই সংস্থার ৩০-৬-৭৪ পর্যন্ত সভ্যসংখ্যা ছিল - ১৭৬ এবং রাজ্য সরকারের শেয়ার ক্রয় বাবদ ৬ লক্ষ টাকা সমেত paid up share capital হোল, ৭,৯৮,৮৫০ টাকা। সমিতি এই পর্যন্ত সরকার থেকে ১০,৬১,৩০০ টাকা কার্যকরী মূলধন বাবদ ঋণ পেয়েছে। সমিতির প্রধান কাজ হল অংশীদার সমবায় সমিতিকে শতকরা ৬০ ভাগ সুতো ও ৪০ ভাগ নগদ টাকা দিয়ে কাপড় ও অন্যান্য উৎপাদিত দ্রব্য সংগ্রহ করা। সমিতি গত তিন বছরে এই কাজে বিশেষ সাফল্য অর্জন করেছে, সমিতির ব্যবসায়িক লেন দেনের তিন বছরের খতিয়ান নিম্নে দ্রষ্টব্য :—

(হাজার টাকায়)

	১৯৭১-৭২	১৯৭২-৭৩	১৯৭৩-৭৪
তাঁতের কাপড় বিক্রয়	১৬৪৩	৩০৪১	৪০০০
গজ ও ব্যাণ্ডেজ বিক্রয়	৪০৫৪	৪৭০৬	৫০০০
সূতা বিক্রয়	৩৯৪৭	৭১১৬	১৫০০০
মোট	১০৬৪৪	১৪৮৭৪	১৪০০০

সমিতির আর্থিক উন্নতিও এই তিন বছরে স্পষ্ট প্রতীয়মান এবং সমিতির নীট মুনাফা হল

১৯৭১-৭২ — ১১,১৬১ টাকা
১৯৭২-৭৩ — ১৮১৭৮১ টাকা
১৯৭৩-৭৪ — ৬০৫১৬৪ টাকা

সমিতির বর্তমানে তেত্রিশটি বিপণি আছে এবং আরো বিপণি খোলার ও নিজের কাজ সম্প্রসারিত করার পরিকল্পনা আছে।

বিপণন ব্যবস্থা

তাঁতে তৈরী কাপড় বিক্রির জন্য কেন্দ্রীয় সমবায় সমিতির (ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট হ্যাণ্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ) তেত্রিশটি বিক্রয় শাখা আছে। এছাড়া সরকারী সেলস এম্পোরিয়াম ও ওয়েষ্ট বেঙ্গল স্মল ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশন তাঁদের শাখা দোকানগুলির মাধ্যমে তাঁতে তৈরী জিনিষপত্র বিক্রি করেন। বিক্রয় ব্যবস্থা সম্প্রসারণের জন্য হ্যাণ্ডলুম পাওয়ারলুম

ডেভেলপমেন্ট কর্পোরেশনও এক সক্রিয় ভূমিকা গ্রহণ করেছে এবং তাঁতের কাপড়ের পাইকারী ও খুচরা বিক্রির সুব্যবস্থা চালু করেছে।

তাঁতের কাপড়কে জনপ্রিয় করা ও কলে তৈরী কাপড়ের অসম প্রতিযোগিতায় সাহায্য করার জন্য খুচরা বিক্রির উপর টাকা প্রতি পাঁচ পয়সা ও পাইকারী বিক্রির উপর টাকা প্রতি তিন পয়সা রিবেট বা ছাড় দেওয়া হয়।

প্রচার

জনসাধারণকে তাঁতের কাপড়ের প্রতি আকৃষ্ট করা তথা চাহিদা বাড়াবার জন্য প্রতি বছর আনুষ্ঠানিক ভাবে সারাভারত ব্যাপী তাঁতশিল্প সপ্তাহ উদ্‌যাপন করা হয়। বর্তমান বছরে এই সপ্তাহ ৬ই এপ্রিল ৭৫ থেকে ১৩ই এপ্রিল ৭৫ পর্যন্ত পালন করা হয়েছে। এই সপ্তাহে খুচরো বিক্রয়ের উপর অতিরিক্ত পাঁচ পয়সা অর্থাৎ মোট দশ পয়সা হারে রিবেট দেওয়া হয়েছে যাতে জনসাধারণ তাঁতের কাপড় বেশী করে কিনতে পারেন। প্রচার, সভাসমিতি, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতির মাধ্যমে তাঁতের কাপড় ও শিল্পীদের প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করা এই সপ্তাহ পালনের মূল লক্ষ্য।

পত্র পত্রিকায় তাঁতের উৎপাদনের প্রচারের জন্য ব্যাপক হারে বিজ্ঞাপন দেওয়া হয়।

শক্তিচালিত তাঁত

পশ্চিমবঙ্গে প্রথমে ১০০টি সমবায় সমিতিতে মোট ১৬০০ শক্তিচালিত তাঁত দিয়ে একটি প্রকল্প চালু হয়। ১৯৫৮ সালের শেষদিকে এই তাঁতগুলি বণ্টন করা হয় এবং এগুলি স্থাপনের জন্য সরকারের তরফ থেকে মোট ৫১ লাখ টাকা আর্থিক সাহায্য দেওয়া হয়। ১৯৭২-৭৩ সালে নতুন সমবায় সমিতি সংগঠিত হয়েছে মোট ১৫টি, ১৯৭৩-৭৪ সালে ৫টি এবং মোট সমবায় সমিতির সংখ্যা এখন হল ১২২। সমবায় সমিতিতে মোট শক্তিচালিত তাঁতের সংখ্যা ১৪১৪। এদের সভ্যসংখ্যা ১৪০০ এবং মোট মূলধন ১,২৫,০০০ টাকা। এই ১২২টি সমিতি সরকার থেকে ঋণ পেয়েছে ৬৬,২৮,১২৫ টাকা। এছাড়া পশ্চিমবঙ্গে সমবায় বহির্ভূত মোট ৭০৩৩টি শক্তিচালিত তাঁত আছে এবং এতে যথারীতি কাজ চলছে। এই তাঁত মধ্যবিত্ত সম্প্রদায়ের কর্মসংস্থানের এক বড় সুযোগ এনে দিয়েছে। এর উপর ভারত সরকার ৪র্থ পরিকল্পনায় আরও ৬ হাজার শক্তিচালিত তাঁত অনুমোদন করেছেন। এই তাঁতের মধ্যে ইতিমধ্যে সমবায় সমিতিকে ৯৫২টি ও ব্যক্তিগত মালিকানায় স্থাপনের জন্য ৫০৪৮টি তাঁত বিলি করা হয়েছে। বর্তমানে গ্রামাঞ্চলেও বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হয়েছে। সুতরাং এই তাঁত ইউনিটগুলিকে গ্রামে চালানোর কোন অসুবিধা নেই। শিল্পাঞ্চল থেকে দূরে অর্থাৎ গ্রামাঞ্চলে এগুলো চালানোর যে অসুবিধা তা হল ডাইং, ব্লিচিং, সাইজিং ও প্রসেসিং এর সুযোগ সুবিধার অভাব। এই দিকে লক্ষ্য রেখে সরকার ওয়েষ্টবেঙ্গল হ্যাণ্ডলুম পাওয়ারলুম ডেভলপ্‌মেন্ট কর্পোরেশনকে দিয়ে কয়েকটি প্রিপেরটরী ও প্রসেসিং ইউনিট রাজ্যের বিভিন্নস্থানে চালাবার পরিকল্পনা করছেন। কর্পোরেশন ব্যাঙ্কের সাহায্যে এই সকল কাজ হাতে নেওয়ার পরিকল্পনা করেছে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে সরকার সুখচরস্থিত ক্যালেণ্ডারিং ইউনিটটি ওয়েষ্টবেঙ্গল ষ্টেট পাওয়ারলুম অ্যাপেক্স কো অপারেটিভ সোসাইটি মারফৎ চালু করেছেন। ওয়েষ্টবেঙ্গল হ্যাণ্ডলুম পাওয়ারলুম ডেভলপ্‌মেন্ট কর্পোরেশন অদূর ভবিষ্যতে এই ইউনিটটির মালিকানা গ্রহণ করবে এবং একে সম্প্রসারণ করবে। বিদ্যুৎচালিত তাঁতে বিদ্যুতের খরচা কমাবার জন্য পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা একটি

'Power Subsidy' পরিকল্পনা চালু করেছি। এই পরিকল্পনা অনুসারে Calcutta Electric Supply Corporation এর সীমার বাইরে শক্তিচালিত তাঁতের ইউনিট পিছু ছয় পয়সা করে অনুদান দেওয়া হচ্ছে।

তাঁতশিল্পের উন্নতির জন্য আজ পর্যন্ত যা করা হয়েছে এবং আগামী দিনে যা করা হবে তার মোটামুটি একটা আভাষ আমরা এই পুস্তিকায় দিতে চেষ্টা করেছি। যে সকল প্রকল্পের কথা উল্লেখ করা হয়েছে তাছাড়াও অন্যান্য কয়েকটি কাজের মধ্যে গৃহহীন তন্তুবায়দের গৃহ নির্মাণ প্রকল্প অন্যতম। এই পর্য্যায়ে আমরা হুগলী জেলায় রাজবলহাট, বর্ধমান জেলায় সমুদ্রগড় ও নদীয়ায় শান্তিপুরে কিছু কাজ করেছি।

পশ্চিমবঙ্গে মাথাপিছু কাপড়ের প্রয়োজনের ভিত্তিতে বাৎসরিক যে পরিমাণ কাপড় আমাদের প্রয়োজন তার অনেকাংশ আমরা উৎপাদন করতে পারি না। রাজ্যের বাইরে থেকে আমদানী করে বাকী প্রয়োজন মেটাতে হয়। সুতরাং রাজ্যকে বস্ত্রশিল্পে স্বয়ংসম্পূর্ণ করে তুলতে হলে আমাদের হস্ততাঁত ও শক্তিচালিত তাঁতে উৎপাদনের পরিমাণ বাড়ানোর জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালান দরকার। এই প্রচেষ্টার মূল লক্ষ্য হবে কর্মসংস্থান। হস্ততাঁত ও শক্তিচালিত তাঁতে কর্মসংস্থানের সম্ভাবনা অপরিসীম। সুতরাং এইদিকে লক্ষ্য রেখেই আমাদের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করতে হবে।

ভবিষ্যৎ কর্মসূচী

পশ্চিমবঙ্গে একটি ঠকঠকি তাঁতে প্রতিদিন গড়ে ৬-৭ মিটার কাপড় উৎপাদন হয়। একটি চিত্তরঞ্জন তাঁতে দৈনিক ১৭-১৮ মিটার কাপড় উৎপাদন হয়। উৎপাদন বৃদ্ধির জন্য আমরা ঠকঠকি তাঁতকে চিত্তরঞ্জন তাঁতে (Semi Automatic Loom) রূপান্তর করার জন্য একটি পরিকল্পনা গ্রহণ করছি। বারাসাত, বসিরহাট, তমলুক, নবদ্বীপ, রাণাঘাট, মুর্শিদাবাদ, কুচবিহার, জলপাইগুড়ি ও পশ্চিমদিনাজপুরে এই পরিকল্পনা ক্রমানুযায়ী ব্যাপকহারে চালু হবে।

সূতো, তুলো ও কাপড়ের মান নিরীক্ষণের জন্য আমরা একটি পরীক্ষণাগার স্থাপনের পরিকল্পনা করছি।

কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষের হস্তচালিত তাঁতের অবস্থা অনুসন্ধানের এবং উন্নতির উপযুক্ত পন্থা নির্ধারণের জন্য শিবরামন কমিটি নিযুক্ত করেছিলেন। হস্ততাঁতের রক্ষণাবেক্ষণের জন্য ঐ কমিটি কয়েকটি গুরুত্বপূর্ণ সুপারিশ করেছেন এবং সেগুলি হলো মোটামুটি

১) একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন Statutory All India Handloom Board গঠন।

২) সুবিন্যস্ত পরিকল্পনার সাহায্যে ক্রমপর্য্যায়ে সমবায় সমিতি বহির্ভূত তাঁতকে সমবায় সমিতি ভুক্ত করা।

৩) Reserve Bank of India, Co-operative Bank ও National Co-operative Development Corporation Ltd. এর মাধ্যমে সমবায় সমিতির জন্য উপযুক্ত অর্থলগ্নীর ব্যবস্থা।

৪) হস্ততাঁতের উৎপাদিত দ্রব্যাদির মান উন্নয়নের জন্য একটি All India Research Development Association গঠন।

৫) হস্ততাঁত শিল্পী অধ্যুষিত নির্দিষ্ট এলাকার নিবিড় উন্নয়ন।

৬) হস্ততাঁত শিল্পে প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহের সুবন্দোবস্ত।

৭) কেন্দ্রীয় সমবায় ও Corporation মারফৎ বিক্রয়ের ব্যবস্থা।

৮) রপ্তানী বাণিজ্য সম্প্রসারণের ব্যবস্থা।

৯) শক্তিচালিত তাঁতের সঙ্গে প্রতিযোগিতা থেকে হস্তচাঁত শিল্পকে রক্ষার জন্য শক্তিচালিত তাঁতের উপর বিধিনিষেধ আরোপ ও আবগারী শুল্ক বৃদ্ধি।

রাজ্য সরকার মোটামুটি এইসব সুপারিশ গ্রহণ করেছেন এবং যখন এই কমিটির সুপারিশগুলি কেন্দ্রীয় সরকারের চূড়ান্ত অনুমোদন লাভ করবে তখন রাজ্যসরকারও তাদের বাস্তবায়িত করবেন।

হস্তচালিত তাঁতের সামগ্রিক অবস্থা পর্যালোচনা করে উন্নতি বিধানের জন্য ও সুনির্দ্দিষ্ট পন্থা নির্ধারণের জন্য একটি উচ্চ শক্তি সম্পন্ন তথ্যানুসন্ধানী কমিটি নিয়োগের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

উপসংহার

স্মরণাতীত কাল থেকে আজ পর্যন্ত তাঁতশিল্প দেশের প্রধানতম কুটীর শিল্প। এর কারণ এ শিল্পের এমন কতকগুলি নিজস্ব বৈশিষ্ট আছে যা অন্যান্য কারু শিল্পের নেই। এই তাঁত শিল্পকে কেন্দ্র করে এক সময় প্রাচীনভারত ও বিশ্বের নানা দেশের মধ্যে বহির্বাণিজ্যিক সম্বন্ধ স্থাপিত হয়েছিল। তখনকার দিনে জলপথ ও স্থলপথ উভয় পথেই তাঁত বস্ত্রের বাণিজ্য চলত। সেই আদিমকাল থেকে ধীরে ধীরে তাঁতশিল্প আজকের যুগে প্রবেশ করেছে। এই সুদীর্ঘ কালের মধ্যে এ শিল্পকে বিভিন্ন সময়ে বহু প্রতিকূলতার মধ্য দিয়ে চলতে হয়েছে, কিন্তু হারিয়ে যায় নি। টিকে আছে এবং টিকে থাকবে। বাংলার মসলিন আজকে অতীতের জিনিষ হলেও সমগ্র ভারতের গৌরব। জামদানী, বালুচরী প্রভৃতি বস্ত্র মৌলিক শিল্প-সৌন্দর্যে সমুজ্জ্বল। শিল্পীর শিল্পভাবনা বয়ন শিল্পে সার্থকভাবে রূপায়িত। বিভিন্ন যুগের সংস্কৃতি, শিল্পবোধ ও বিভিন্ন ভাবধারার মিশ্রণ বয়ন শিল্পকে বৈচিত্রময় করে তুলেছে। ভারতীয় শিল্পীদের নৈপুণ্য ও সৃজনী প্রতিভা দেশের প্রধানতম এই কুটীর শিল্পটিকে সুদীর্ঘকাল বাঁচিয়ে রেখেছে। শিল্পীদের এই অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ করতে হয়। এ কুটীর শিল্পের ভবিষ্যৎ মোটেই অন্ধকারাচ্ছন্ন নয়, বরঞ্চ উজ্জ্বল। প্রয়োজন শুধু জনসাধারণের সহানুভূতি এবং যারা এটির উন্নতির জন্য কাজ করছেন তাদের নিষ্ঠা ও ঐকান্তিকতা নিয়ে অগ্রসর হওয়া এবং এর প্রকৃত সমস্যাকে সঠিকভাবে উপলব্ধি করে সেগুলিকে দূরীভূত করা। সরকারী ব্যবস্থাপনায় এর সুযোগ আছে এবং সেগুলিকে কাজে লাগাবার যথাসাধ্য চেষ্টা করা হচ্ছে।

টেব্‌ল্‌—১

তাঁতশিল্পের উন্নতিকল্পে সরকারী সাহায্য ও ঋণ

ক্রমিক সংখ্যা	পরিকল্পনা সুতিবস্ত্র (সাহায্য)	তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা ১৯৬১-৬৬	চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা ১৯৬৯-৭৪	পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ১৯৭৪-৭৫	পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ১৯৭৫-৭৬ (আনুমানিক)
১	ভ্রাম্যমান বিপণি	১,১৪,২৫৯	—	—	—
২	রঞ্জন শালা	৫৩,৫৩৮	—	—	—
৩	বিক্রয় কেন্দ্র	২৭,৩৭৫	—	—	—
৪	রিবেট (ছাড়)	৫৯,৪৫,৯৩৭	৮৭,৭২,৯৩০	১৮,০০,০০০	১৬,০০,০০০
৫	তাঁতের উন্নত ধরণের সরঞ্জাম	৭,৬৪,১৬০	১,৪২,২১৫	২,৫০,০০০	২,৫০,০০০
৬	উৎকর্ষ নির্দ্দেশক	৭০,৯৪৪	—	—	—
৭	প্রচার ও বিজ্ঞাপন	৪,৩০,৭৭৫	২,৬০,৭৬১	৬০,০০০	৬০,০০০
৮	সংগঠন ও তত্ত্বাবধান	৮,০৯,৭০৪	৩৩,৮৮,৭১৫	৯৯,০০০	—
৯	কেন্দ্রীয় বিপণি	২,০৭৯	—	—	—
১০	পুরস্কার বিতরণ	৩৯,৯৩৫	৪৩,৭৫১	১০,০০০	১০,০০০
১১	ব্লক ছাপা	২,০২,৩৮৭	—	—	—
১২	নিখিল ভারত তাঁতশিল্প সপ্তাহ উদ্‌যাপন	৬০,০০০	৩৮,৫০০	৮,০০০	—
১৩	আন্তঃরাজ্য বিক্রয় কেন্দ্র	২৫,০০০	—	—	—
১৪	সূতাকল	৩৪,২৬০	—	—	—
১৫	ডাইং ব্লিচিং প্ল্যান্ট	১,৪৫,০০০	—	—	—
১৬	মেকানাইজ্‌ড্‌ প্রিপারেটরী প্ল্যান্ট	৩,৭১,০০০	—	—	—
১৭	বড় ডিপো	৪৭,১০৮	—	—	—
১৮	সুদের উপর ছাড়	৫০,৫৮১	২,৭১,৭৫৪	৬৭,৭৮৪	২,০০,০০০
১৯	হস্তচালিত তাঁত শাখার পুনর্গঠন (হ্যাণ্ডলুম ও পাওয়ারলুম, পরিসংখ্যান সংগ্রহ, গবেষণাগার সম্প্রসারণ সমেত ও শক্তিচালিত তাঁত)	৭,১১,৭৫৮	৫০,৬৯,৩৮৫	১৭,৮৫,০০০	১০,৮৬,০০০
২০	বিদ্যুৎ ক্রয় মূল্যের উপর ভর্তুকি	—	—	৫০,০০০	২,০০,০০০
	মোট	২,০০,০৫,৮০১	১,৭৮,৮৭,০২৩	৫০,৩৯,৭৮৪	৫১ ১৬,০০০

টেব্‌ল্‌—১

তাঁতশিল্পের উন্নতিকল্পে সরকারী সাহায্য ও ঋণ

ক্রমিক সংখ্যা	পরিকল্পনা সূতিবস্ত্র (ঋণ)	ীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা	চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা	পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	
		১৯৬১-৬৬	১৯৬৯-৭৪	১৯৭৪-৭৫	১৯৭৫-৭৬ (আনুমানিক)
১	গুদাম ঘর	১,০০,০০০	—	—	—
২	শেয়ার	৩,৫৪,৪৫০	৬৪,৫০০	৩০,০০০	৩০,০০০
৩	লগ্নি অর্থ	১০,৪৩,৫০০	১১,৭৩,০০০	৭,০১,০০০	৮,০০,০০০
৪	তাঁতের উন্নত ধরণের সরঞ্জাম (সূতী ও রেশম)	২,৭৩,৬২৯	৬৩,১৫৫	৫০,০০০	৫০,০০০
৫	পঃ বঃ তন্তুবায় সমবায় সমিতি ও অ্যাপেক্স পাওয়ারলুম সোসাইটীর শেয়ার ক্রয়খাতে	৬,০০,০০০	১,০০,০০০	—	—
৬	মেকানাইজ্‌ড্‌ প্রিপারেটরী প্ল্যান্ট	৩,১১,০০০	—	—	১,০০,০০০
৭	সূতাকল	১৮,০০,০০০	১৪,০০,০০০*	—	৭,৫০,০০০
৮	ডাইং ব্লিচিং প্রসেসিং প্ল্যান্ট	৪,৪০,০০০	—	—	৪,৭০,৫০০
৯	তন্তুজীবীদের নূতন গৃহ নির্ম্মাণ	৫৬,৬৬৬	—	—	—
১০	শক্তিচালিত তাঁত সংস্থাপন	—	১৬,০০,০০০	—	—
১১	ওয়েষ্টবেঙ্গল হ্যাণ্ডলুম পাওয়ারলুম ডেভ্‌লাপমেন্ট কর্পোরেশনের শেয়ার ক্রয়	—	১৫,০০,০০০	৩১,০৪,০০০	৫,০০,০০০
	মোট	৫৯,৯০,২৪৫	৯০,০০,৬৫৫	৩৮,৮৫,০০০	২৭,০০,০০০

* পরিকল্পনা বহির্ভুত মঞ্জুরীকৃত অর্থ

টেব্‌ল্‌—১

তাঁতশিল্পের উন্নতিকল্পে সরকারী সাহায্য ও ঋণ

বস্ত্র	পরিকল্পনা	তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা	চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা	পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	
		১৯৬১-৬৬	১৯৬৯-৭৪	১৯৭৪-৭৫	১৯৭৫-৭৬
রে	নক্সা কেন্দ্র (সাহায্য)	২৪,০৬৩	—		
	উন্নত সরঞ্জাম (সাহায্য)	৫২,৮২৬	১,৫০০		
শ	উন্নত সরঞ্জাম (ঋণ)	১৯,৭০৯	২,৫০০		
	শেয়ার (ঋণ)	২৬,৫৯৫	১,০০০		
ম	লগ্নি অর্থ (ঋণ)	১,৯২,০৭৫	৩,৩৯,০০০	৯৯,০০০	
	মোট	৩,১৫,২৬৮	৩,৪৪,০০০	৯৯.০০০	
প	উন্নত সরঞ্জাম (ঋণ)	১০,৬৬৯			
শ	উন্নত সরঞ্জাম (সাহায্য)	১৩,৯৫৬			
ম	শেয়ার (ঋণ)	২,২১৫			
	লগ্নি অর্থ (ঋণ)	৫৯,৭০০	৯,০০০		
	মোট	৮৬,৫৪০	৯,০০০		

নূতন প্রকল্প

১। গৃহসজ্জা উপকরণ উন্নয়ন সংক্রান্ত গবেষণাগার

১। পশ্চিম দিনাজপুর, পুরুলিয়া ও মুর্শিদাবাদে মোট তিনটি হস্ত তাঁত উন্নয়ন আধিকারিকের কার্য্যালয় স্থাপন

টেব্‌ল্—২

পশ্চিমবঙ্গের জেলা ভিত্তিক হস্তচালিত তাঁত ও তন্তুবায় সমবায় সমিতির সংখ্যা

ক্রমিক সংখ্যা	জেলার নাম	তাঁতের সংখ্যা			সমবায় সমিতির সংখ্যা
		ব্যক্তিগত মালিকানায়	সমবায় সমিতি ভুক্ত	মোট	
১	হাওড়া	২,৭৯৫	৬২৫	৩,৪২০	১৯
২	পুরুলিয়া	৩,৬৪২	৩,০২০	৬৬৬২	৫২
৩	বাঁকুড়া	৬,২০৮	৬,৫০৭	১২,৭১৫	৭০
৪	মেদিনীপুর	২৮,৫৪৮	১৫,৯৭৩	৪৪,৫২১	২৭২
৫	নদীয়া	৩০,১৪৫	৯,০২১	৩৯,১৬৬	১১৩
৬	হুগলী	১০,৩৪৯	৯,০৩৪	১৯,৩৮৩	৫৯
৭	মালদহ	৫,৫৬১	৩,০৯৩	৮,৬৫৪	৫০
৮	২৪ পরগণা	১৩,৫৬৬	১০,৩৬৯	২৩,৯৩৫	১৫৬
৯	কুচবিহার	১,৩৮০	৫৩৯	১,৯১৯	৩৭
১০	মুর্শিদাবাদ	৫,২৮৬	৩,৪৫০	৮,৭৩৬	৪৭
১১	পশ্চিম দিনাজপুর	১,৪৯১	৮৭৫	২,৩৬৬	২০
১২	বর্দ্ধমান	১৪,৮৫৬	৩,৯৭৬	১৮,৮৩২	৯৭
১৩	বীরভুম	৪,৪৯৪	১,৫৭৮	৬,০৭২	৫৫
১৪	জলপাইগুড়ি	৪৪৮	২১৭	৬৬৫	২৩
১৫	কলিকাতা	১,১৩৬	২৫২	১,৩৮৮	১৭
১৬	দার্জ্জিলিং	১২৬	২৫	১৫১	৭
	মোট	১,৩০,০৩১	৬৮,৫৫৪	১,৯৮,৫৮৫	১,০৯৪

টেব্‌ল্‌—৩

পশ্চিমবঙ্গে জেলাভিত্তিক হস্তচালিত তাঁতে সুতার

ক্রমিক নং	জেলার নাম	১০ নং পর্য্যন্ত	১১-১৭ নং	২০ নং	২২ নং	২৬ নং
১	হাওড়া	২০১০	—	৪১৬০	—	১৩৬০
২	পুরুলিয়া	৩৬২৭৫	৬৫২৮৬	২১৯৩০	১০৬০২	৮৭২১
৩	বাঁকুড়া	২৪১৬৬	৬৮১৭১	২০২১৫	১৪২৪৭	১৫৮০০
৪	মেদিনীপুর	—	১৫২৭৫	৫৬৬৫৮৭	১৩১৭৩	১৬৬১১১
৫	নদীয়া	—	—	৫২৪৩	৩০০৯	৮৩৬৫
৬	হুগলী	—	—	—	—	৬১১৫
৭	মালদহ	—	—	১৯৭২৫	৫৫৫০	৬৭১৫০
৮	কলিকাতা ও ২৪ পরগণা	—	—	৭৫১০১	৬৬৩৫	৩৮৪৩৫
৯	কুচবিহার	৫০	—	১৮৫২	৪৮২৮	২১৩৮০
১০	পশ্চিম দিনাজপুর	—	—	৪৩০০	—	৫৮১৫
১১	মুর্শিদাবাদ	—	১৬১৫	১১৫৫২	৭৫৭৬	৪৮০৯
১২	বর্দ্ধমান	—	—	২৭৬০০	৭২০০	১০৫৪০
১৩	বীরভূম	৮৭৫	৯৫০২৫	৯৮২৫	৭৫০	৭৯২৫
১৪	জলপাইগুড়ি	—	৩১০	—	১০৫৭	৫৩৮৫
১৫	দার্জ্জিলিং	—	—	—	—	৩৯৮
	মোট—	৬৩৩৭৬	১৪৬৭০২	৭৫৮০৯০	৭৪৬২৭	৩৬৮৪৩০

১/১৮ নং পর্য্যন্ত — ৪৪,৩৫১
১/২০ নং — ১৯,৫৩২
১/২৬ নং — ২৬,৭৪০
২/৩০ নং ও ২/৩২ নং — ১৬,২৩৯

মাসিক চাহিদা (টুইষ্ট ইয়ার্ণ সমেত) (কেজিতে)

৩০নং	৩২ নং	৪০ নং	৬০ নং	৮০ নং	১০০ নং	১২০ নং	মোট
—	—	১৬৬৮৬	১০৯১৬	১৩১৪৮	—	—	৫৮৩৮০
—	—	—	—	—	—	—	১৩১৮১৪
—	৭৯৭০	৮৫৩৩	৪৯৬	—	—	—	১৫৯৬০০
—	১৪৮৫০	২১৪৭৪১	৪০০৭৭	১৭১১৪	১০০৩০	—	১০৭৬০৫৯
—	১৪৯৭৪৮	৩৪৯৮৪৩	২৮১৩৪৪	৫০১১১	৪৫৬৭৮	৩০০০	৭৯৭৪৪১
—	৪১৭৫	১৩৮১৫	১১১৯৫০	১১৯১৪৫	৪৯৬০৫	১০০০	৩১৮১৮৫
২০১১৫	৫০১৬০	৩৩১৯৫	১৯১০	—	—	—	১৯৮০১৫
—	৮৫৬১৮	১৪৮৬১১	২৬৩১৩	৪৫৩৫	১০৪৫	—	৩৭৭৩৫১
—	৬৭৬৪	১৯৮৫৫	৮৬১৫	১০৪৫	১০	—	৭৪৭০৯
২৪৪৪	—	১৪৫১০	১৭১৫	৭০০	—	—	৪০৬১৪
১৭৬৫৬	৪৪৪১১	১০৭৩৭৬	১৮১২৫	—	—	—	১১৪৩০০
—	৬২০০	১৭৬৩৪৬	৭৪৮৬১	১৭৮৯০	১০৩৪৫	—	৩৪০৯৮৩
—	৪১৪০	৩৫৭৫	১০৪০	৪৫০	১০১০	—	১২৪৬১৫
—	২১৯৫	২৮৭৩	১৭৫	—	১০০	—	১১১০৫
—	—	১১৫	৪০	৫০	—	—	৬১৩
৪০১১৫	৩৭৬৪৪৮	১১৪০৩১৫	৪৮০৮১০	১৪২৫৮৮	১২৮৮২৩	৫০০০	৩৯২৫৪৩৪

২/৩৬ নং — ৯৭,৮৯৭
২/৪০ নং — ১,৯৫,১২৮
২/৬০ নং — ১১,৭৮৭
২/৮০ নং — ১৯,৪৫৯
২/১০০ নং — ৮৭

টেব্‌ল্‌—৪

পশ্চিমবঙ্গে হস্ত-তাঁতে উৎপাদিত দ্রব্যের জেলাভিত্তিক বিবরণ

ক্রমিক নং	জেলার নাম	উৎপাদিত দ্রব্য
১	হাওড়া	ধুতি, ৬০ নং থেকে ১০০ নং সূতোর শাড়ী, বিছানার চাদর, গৃহসজ্জা উপকরণ।
২	পুরুলিয়া	বিছানার চাদর, বেড্‌কভার, গামছা, মোটা সূতার শাড়ী।
৩	বাঁকুড়া	বেড্‌কভার, বিছানার চাদর, থান কাপড়, গামছা, লুঙ্গী, ধুতি, শাড়ী।
৪	মেদিনীপুর	বিছানার চাদর, মশারী, ধুতি, শাড়ী, গামছা।
৫	নদীয়া	৩০ নং থেকে ১২০ নং সূতার শাড়ী, উইনটেক্স্‌ চাদর, গামছা, ধুতি।
৬	হুগলী	৪০ নং থেকে ১০০ নং সূতার শাড়ী, ৬০ নং থেকে ১০০ নং সূতার ধুতি, গৃহসজ্জা উপকরণ গামছা।
৭	মালদহ	মোটা ও মাঝারী সূতার রঙিন শাড়ী, গামছা।
৮	২৪ পরগণা ও কলিকাতা	গজ ও ব্যাণ্ডেজ, গামছা (২০ নং থেকে ৪০ নং সূতার), ৬০ নং ৮০ নং ও ১০০ নং সূতার শাড়ী ও ধুতি।
৯	কুচবিহার	শাড়ী, ধুতি, গামছা, বিছানার চাদর, মেখলা
১০	পশ্চিম দিনাজপুর	৮০ নং পর্যন্ত সূতার শাড়ী, গামছা, বিছানার চাদর, মশারী।
১১	মুর্শিদাবাদ	মোটা ও মাঝারী সূতার রঙিন শাড়ী, মশারী, গামছা।
১২	বর্দ্ধমান	৪০ নং থেকে ১২০ নং সূতার শাড়ী, ধুতি, গামছা, উইনটেক্‌স চাদর।
১৩	বীরভূম	মশারী, গামছা, গৃহসজ্জা উপকরণ, ধুতি, শাড়ী।
১৪	জলপাইগুড়ি	শাড়ী, ধুতি, গামছা, বিছানার চাদর।
১৫	দার্জিলিং	গৃহসজ্জা উপকরণ।

টেব্‌ল্‌—৫

পশ্চিমবঙ্গের উৎপন্ন তাঁতবস্ত্র

সাল	হস্ততাঁতে		বিদ্যুৎ চালিত তাঁতে	
	উৎপন্ন বস্ত্র (মিলিয়ন মিটারে)	আনুমানিক মূল্য (লক্ষ টাকায়)	উৎপন্ন বস্ত্র (মিলিয়ন মিটার)	আনুমানিক মূল্য (লক্ষ টাকার)
১৯৬৫-৬৬	১৭৫.৬০	৩৫১২	—	—
১৯৬৬-৬৭	১৭৯.৪৬	৩৫৮৯	—	—
১৯৬৭-৬৮	১৮১.৬২	৩৬৩২	—	—
১৯৬৮-৬৯	১৮১.৮০	৩৬৩৬	—	—
১৯৬৯-৭০	১৮০.৯০	৩৬১৮	—	—
১৯৭০-৭১	১৮১.৮০	৩৬৩৬	২৭৭.২০	৪৯৮৯
১৯৭১-৭২	১৮৪.২৭	৩৬৮৫	৩২৩.৪০	৫৮২১
১৯৭২-৭৩	১৯০.০০	৩৮০০	৪১৫.৮০	৭৪৮৪
১৯৭৩-৭৪	২০০.০০	৪০০০	৪১৭.২০	৭৫০৯
১৯৭৪-৭৫	২০৩.৫০ (আনুমানিক)	৪০৭০	৪২০.০০	৭৫৬০

টেব্‌ল্‌—৬

পশ্চিমবঙ্গের জেলাভিত্তিক তাঁত শিল্পর সংখ্যা

(১৯৭৩-৭৪ সালের পরিসংখ্যান সংগ্রহ অনুযায়ী)

ক্রমিক নং	জেলার নাম	সংখ্যা
১	হাওড়া	৮,৫০০
২	পুরুলিয়া	১৬,৭৪০
৩	বাঁকুড়া	৩১,৬৮৫
৪	মেদিনীপুর	১,১০,৭০০
৫	নদীয়া	৯৭,৬৬৫
৬	হুগলী	৪৮,০৪৮
৭	মালদহ	১১,৩১৮
৮	২৪ পরগণা	৫৭,৬৩৩
৯	কুচবিহার	৪,৬৯৫
১০	মুর্শিদাবাদ	১১,৫৩৫
১১	পশ্চিম দিনাজপুর	৫,৭১০
১২	বর্দ্ধমান	৪৬,৫৬৮
১৩	বীরভুম	১৫,১৩০
১৪	জলপাইগুড়ি	১,৬৬৩
১৫	কলিকাতা	৩,৪৭০
১৬	দার্জিলিং	৩৭৮
	মোট	৪,৯১,৪৪৮

টেব্‌ল্‌—৭

পশ্চিমবঙ্গের নূতন সংগঠিত ও পুনঃ সঞ্চালিত সমবায় সমিতির তালিকা

সাল	নূতন সংগঠিত		পুনঃ সঞ্চালিত
	কটন	সিল্ক	
১৯৭০-৭১	৪	—	১
১৯৭১-৭২	২৭	৯	৯
১৯৭২-৭৩	১০৯	৫	২৮
১৯৭৩-৭৪	৬৬	৯	১৭
১৯৭৪-৭৫	৫০	—	৮
মোট	২৫৬	১৩	৬৩

টেব্‌ল্‌—৮

Ceiling Price of Improved Appliances

1. Steel Reed—Rs. 32/- Per unit.
2. Cross Border Dobby—Rs. 100/- Per unit.
3. Wire Heald—Rs. 28/- Per unit.
4. C. V. Heald—Rs. 48/- Per unit.
5. Jacquard Machine—Rs. 500/- Per unit.
6. Slay with Beam—Rs. 100/- Per unit.
7. Take-up-motion attachment—Rs. 160/- Per unit.
8. Semi Automatic Loom—Rs. 400/- Per unit.
9. Warping of Drum—Rs. 600/- Per unit.
10. Bamboo Reed—Rs. 15/- Per unit.
11. Sar Reed—Rs. 50/- Per unit.
12. Bundling press—Rs. 800/- Per unit.
13. Self Leasing Vertical Warping Machine—Rs. 800/- Per unit.

টেব্‌ল্‌—৯

পশ্চিমবঙ্গের জেলাভিত্তিক শক্তিচালিত তাঁতের সংখ্যা

ক্রমিক সংখ্যা	জেলার নাম	তাঁতের সংখ্যা			সমিতির সংখ্যা			চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বরাদ্দীকৃত শক্তিচালিত তাঁত		
		ব্যক্তিগত মালিকানায়	সমবায় সমিতিভুক্ত	মোট	নূতন	পুরাতন	মোট	ব্যক্তিগত মালিকানায়	সমবায় সমিতিভুক্ত	মোট
১	হাওড়া	৭৮৬	১৩১	১০১৮	১	১০	১১	৩৭১	৭১	৪৪৪
২	পুরুলিয়া	১৬৮	—	১৬৮	—	—	—	১৬৮	—	১৬৮
৩	বাঁকুড়া	৬০	—	৬০	—	—	—	৬০	—	৬০
৪	মেদিনীপুর	৯২	১১৮	২১০	৩	৩	৬	৬৬	৮০	১৪৬
৫	নদীয়া	১২৯৫	৪০০	১৬৯৫	৪	১৬	২০	৮৩০	১৪৪	৯৭৪
৬	হুগলী	৬৩৪	২০৮	৮৪২	১	৯	১০	৪৩৮	৬৪	৫০২
৭	মালদহ	৩২	—	৩১	—	—	—	৩১	—	৩১
৮	কলিকাতা ও ২৪ পরগণা	৩৭১৩	১০৬৪	৪৭৬৭	৩	৫৪	৫৭	৩০০৪	২০০	৩২০৪
৯	কুচবিহার	—	৪৮	৪৮	২	—	২	—	৪৮	৪৮
১০	মুর্শিদাবাদ	১২	৪০	৫২	১	১	১	১২	১৪	৩৬
১১	পশ্চিম দিনাজপুর	২৪	—	২৪	—	—	—	২৪	—	২৪
১২	বর্দ্ধমান	১৮৩	২৬৪	৪৪৭	৬	৬	১২	১৪৬	১৬৮	৩১৪
১৩	বীরভূম	২০	১৬	৩৬	—	১	১	১০	—	১০
১৪	জলপাইগুড়ি	৪	১৪	১৮	১	—	১	৪	১৪	১৮
১৫	দার্জ্জিলিং	—	—	—	—	—	—	—	—	—
	মোট	৭০৩৩	২৪২৪	৯৪৫৭	১২	১০০	১১১	৫১৭৬	৮২৪	৬০০০

টেব্‌ল্—১০

পশ্চিমবঙ্গে শক্তি চালিত তাঁতে সুতার মাসিক চাহিদা (কে.জি.-তে)

ওয়ার্প

১৬ নং, ২০ নং, ২৪ নং	১,৮১,৪৪০
২৮ নং, ৩০ নং, ৩২ নং, ৩৪ নং	৯,০৭,২০০
৪০ নং, ৪৪ নং, ৪৬ নং	১,২০,৯৬০
মোট :—	১২,০৯,৬০০
বর্ডার ইয়ার্ণ	
২/৪০ নং	১,০৫,৮০০
২/৬০ নং	১০,২০০
মোট :—	১,১৬,০০০

ওয়েফট্‌

২০ নং হইতে ২৪ নং	৬৮,৪০০
৩০ নং, ৩১ নং, ৩৪ নং	৬৮,৪০০
৪০ নং	৩,৭৬,২০০
৬০ নং	১,৫৭,৩০০
৮০ নং	১৩,৭০০
মোট :—	৬,৮৪,০০০

প্রতিটি শক্তি চালিত তাঁতে সুতার মাসিক চাহিদা : ওয়ার্প + ওয়েফ্‌ট্‌
১৬৮ + ৯৫ = ২৬৩ কে. জি.

টেব্‌ল্—১১

পশ্চিমবঙ্গে ষ্টেপল ফাইবার ইয়ার্ণের মাসিক চাহিদা (শত কে.জি.-তে)

	২০ নং	১৬ নং	৩০ নং	৪০ নং	২/৪০ নং	মোট	মন্তব্য
	১২০	১৫০	১৫০	৫০	১,৫০০	১,৯৭০	
	—	৪০০	৪০০	—	২০০	১,০০০	ষ্টেপল লুঙ্গী রপ্তানীর জন্য
মোট	১২০	৫৫০	৬৫০	৫০	১,৭০০	২,৯৭০	

টেব্‌ল্—১২

পশ্চিমবঙ্গে প্রসেসিং ইউনিটের তালিকা

ক্রমিক নং	মিলের নাম	সাইজিং	ক্যালেণ্ডারিং	ক্রমিক নং	মিলের নাম	সাইজিং	ক্যালেণ্ডারিং
১	অম্বিকা প্রসেসিং, কাশীপুর	২	১	১৩	গৌরীশঙ্কর টেক্‌স্‌টাইল, হাওড়া	২	—
২	বেঙ্গল মিল এজেন্সী, কাশীপুর	২	২	১৪	শিবা প্রসেসিং, কাশীপুর	১	—
৩	হিন্দ সাইজিং	৩	—	১৫	গণেশ প্রসেসিং, কোন্নগর	২	১
৪	কালীমাতা টেক্‌স্‌টাইল প্রসেসিং, দমদম	—	১	১৬	রাজপুর টেক্‌স্‌টাইল, রাজপুর, ২৪ পরগণা	৩	—
৫	শিবা প্রসেসিং, কাশীপুর	১	—	১৭	নদীয়া টেক্‌স্‌টাইল, রাণাঘাট	—	১
৬	আগড়পাড়া কুটীর শিল্প, আগড়পাড়া	২	১	১৮	শ্রীদুর্গা প্রসেসিং, রাণাঘাট	২	১
৭	ক্যালেণ্ডারিং ইউনিট, সুখচর	—	১	১৯	রাণাঘাট টেক্‌স্‌টাইল, রাণাঘাট	১	১
৮	ওরিয়েন্টাল কটন কাল্টিভেশান, সোদপুর	২	১	২০	দেবনাথ ফ্যাব্রিক্‌স্‌, রাণাঘাট	২	১
৯	জগদম্বা প্রসেসিং, বিরাটী	—	১	২১	জয়লক্ষ্মী টেক্‌স্‌টাইল, রাণাঘাট	২	—
১০	জগদম্বা টেক্‌সটাইল, দমদম	১	—	২২	দেবনাথ কটন মিলস্‌, রাণাঘাট	১	১
১১	হিন্দ টেক্‌স্‌টাইল, হাওড়া	—	১				
১২	জাতিয়া কটন মিলস্‌, হাওড়া	৩	১		মোট :	৩৬	১৬

একটি ক্যালেণ্ডারিং মেশিন ৩০০ তাঁতের দৈনিক উৎপাদন অর্থাৎ ৫৪,০০০ মিটার কাপড় ক্যালেণ্ডার করতে পারে। একটি সাইজিং মেশিন প্রতি মাসে ৩৫ থেকে ৪০ সেট বীম তৈরী করে।

টেব্‌ল—১৩

হস্তচালিত ও বিদ্যুতচালিত তন্তুবায় সমবায়সমিতিগুলির গুরুত্বপূর্ণ পরিসংখ্যান

		হস্তচালিত	শক্তিচালিত
১	সমবায় সমিতির সংখ্যা	১,০৯৪	১১১
২	সমিতিভুক্ত সভ্যের সংখ্যা	৬৭,৩৯১	১৪০০
৩	সমিতিভুক্ত তাঁতের সংখ্যা	৬৮,৫৫৪	১৪২৪ (স্থাপিত এবং স্থাপিত হওয়ার পথে)
৪	সমিতির আওতাভুক্ত নির্ভরশীল তন্তুজীবীর সংখ্যা	১,৭৫,৮৭৫	৯৯৮৪
৫	মোট অল্পায়ীকৃত মূলধন	১১,৯৮,০০০ টাকা	১,২৫,০০০ টাকা
৬	মোট স্থির মূলধন	১,৩০,০০,০০০ টাকা	১,৪৪,০০,০০০ টাকা
৭	মোট কার্য্যকরী মূলধন	৩,৮০,০০,০০০ টাকা	৯৬,০০,০০০ টাকা
৮	চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্য্যন্ত বিভিন্ন খাতে সরকারী সাহায্য	৩,১১,১৯,৩৩৫ টাকা	৭১,৬০,১২৫ টাকা

সমগ্র পশ্চিমবঙ্গে বিদ্যুৎচালিত তাঁতে নিযুক্ত মোট কর্মীর সংখ্যা – ৩০,৬৭১

টেব্‌ল—১৪

সারা ভারতবর্ষে প্রদেশ ভিত্তিকশক্তিচালিত তাঁত ও হস্তচালিত তাঁতের বিবরণ (৩১শে ডিসেম্বর '৭২ পর্য্যন্ত)

ক্রমিক নং	প্রদেশের নাম	শক্তিচালিত তাঁতের সংখ্যা	সারা ভারতে শতকরা পরিস্থিতি	হস্তচালিত তাঁতের (হাজারে) সংখ্যা	সারা ভারতে শতকরা পরিস্থিতি
১	অন্ধ্র	৫০১০	২·৮৩	৩৯৯	১৪·৭৬
২	আসাম	৭৪০	০·৪২	৪০	১·৪৬
৩	বিহার	৩৬৮০	২·০৮	১৯৮	৭·৩১
৪	গুজরাট	১৪৫৭০	৮·১৩	৩৩	১·২৪
৫	হরিয়াণা	৮৯০	০·৫০	৮	০·২৯
৬	কেরালা	২৫০০	১·৪১	৭০	২·৬০
৭	মধ্যপ্রদেশ	৯১৭০	৫·১৮	৫২	১·৯৪
৮	মহারাষ্ট্র	৮৫৮০০	৪৮·৪৫	১৮৩	৬·৭৭
৯	কর্ণাটক	৯২২০	৫·২১	১২৪	৪·৫৮
১০	উড়িষ্যা	১২৪০	০·৭০	৭৬	২·৮২
১১	পাঞ্জাব	১৯৫০	১·১০	১৮	০·৬৬
১২	রাজস্থান	৪৩৫০	২·৪৬	১৩৮	৫·১৩
১৩	তামিলনাড়ু	১৫০৪৫	৮·৫০	৪৯৪	১৮·৩১
১৪	উত্তর প্রদেশ	১২৫১৫	৭·০৭	৪৯৪	১৮·৩১
১৫	পশ্চিমবঙ্গ	৭৮৭৫	৪·৪৫	১৫৮	৫·৮৬
১৬	দিল্লী	১০৬০	০·৬০	৩	০·১১
১৭	পণ্ডিচেরী	১০৬০	০·৬০	৩	০·১১
১৮	গোয়া	৯০	০·০৫	—	—
১৯	মণিপুর	৩৫	০·০২	১৯৮	৭·৩২
২০	ত্রিপুরা	৩৫	০·০২	১০	০·৩৭
২১	হিমাচল প্রদেশ	৫৫	০·০৩	—	—
২২	দাদরা ও নগর হাভেলী	১৪০	০·০৮	—	—
২৩	জম্মু ও কাশ্মীর	২০	০·০১	—	—
	মোট	১৭৭০৫০	১০০·০০	২৬৯৯	১০০·০০

Source :—Regional office of the Textile Commissioner.

টেব্‌ল্‌—১৫

হোসিয়ারী সম্বন্ধীয় পরিসংখ্যান

পশ্চিমবঙ্গে Knitting machine এর সংখ্যা—৬৩৪০

Knitting unit-এর সংখ্যা— ৪৭৮

সূতোর মাসিক প্রয়োজন (হাজার কেজিতে)

২০ নং	—	৪৩৫
২৪ নং	—	৭০
২৬ নং	—	৫০
২৮ নং	—	৩০
৩০ নং	—	৩১৮
৩৪ নং	—	১০০
৩৬ নং	—	৫৬০
৪০—৪১ নং	—	৭০৩
৫০ নং	—	৪৫
৬০—৮০ নং	—	১৫
১/৮০ (মার্সিরাইজড্‌)		১০
	মোট	২৩৫৬

টেব্‌ল্‌—১৬

নক্সা কেন্দ্র

সাল	নক্সা অঙ্কন সংখ্যা	কাপড় তৈয়ারীর জন্য তাঁত শিল্পীদের মধ্যে বিতরিত নক্সার সংখ্যা
১৯৬৮—৬৯	১৯৪	১২৬
১৯৬৯—৭০	২৩৭	২৭১
১৯৭০—৭১	৩১৪	২৭৮
১৯৭১—৭২	৩৪৫	৩৬৮
১৯৭২—৭৩	৩৭৬	৩৯৮
১৯৭৩—৭৪	৩১৮	২৭৬
১৯৭৪—৭৫	২৩৫	২৪০

টেব্‌ল্‌—১৭

বার্ষিক তাঁতবস্ত্র প্রতিযোগীতা ও পুরস্কারের বিবরণ

সাল	প্রতিযোগীতার সংখ্যা	পুরস্কারের সংখ্যা	পুরস্কৃত অর্থের পরিমাণ
১৯৬৯—৭০	৭	৭৩	৩,৯১০
১৯৭০—৭১	৯	৯৮	৫,৫৬০
১৯৭১—৭২	১১	১২৬	৭,৬৪৫
১৯৭২—৭৩	১১	১২৯	৭,৮০৫
১৯৭৩—৭৪	১২	১৪১	৮,৪৭০
১৯৭৪—৭৫	১১	১৮৬	১০,০০০

টেবল—১৮

পশ্চিমবঙ্গে অবস্থিত সুতাকল সমূহের তালিকা

ক্রমিক সংখ্যা	মিলের নাম ও ঠিকানা	মিলের অবস্থান	তাঁতের সংখ্যা	টাকুর সংখ্যা	মন্তব্য
১	আরতি কটন মিল্‌স্ লিঃ ১১/১ এ. সরোজিনী নাইডু সরণি কলিকাতা-৭০০০১৭	দাশনগর হাওড়া	১১৫	১১,৩১০	National Textile Corporation -এর অধীন
২	বেঙ্গল লক্ষ্মী কটন মিল্‌স্ ৭, জহুরলাল নেহেরু রোড কলিকাতা-৭০০০১৩	শ্রীরামপুর	৯৩৫	৩৮,৮৪৮	ঐ
৩	বেঙ্গল টেক্‌স্‌টাইল মিল্‌স্ লিঃ ৫, ওল্ড কোর্ট হাউস স্ট্রীট (৩য় তল) কলিকাতা-৭০০০০১	কাশিমবাজার মুর্শিদাবাদ	—	১১,৯৯৬ (আরও ৮৮০টি টাকু সংযোজিত হওয়ার মুখে)	ঐ ঐ
৪	বেঙ্গল ফাইন স্পিনিং ও উইভিং মিল্‌স্ লিঃ নং—১ ৭, বি. বি. গাঙ্গুলী স্ট্রীট কলিকাতা-৭০০০১১	কোন্নগর হুগলী	৪৮	১৪,৮০০	ঐ
৫	বঙ্গশ্রী কটন মিলস্ 'চন্দ্রচূড় সদন' সোদপুর, সুখচর ২৪ পরগণা	সোদপুর ২৪ পরগণা	৩৯৬	১৫,২৬০	ঐ
৬	বেঙ্গল ফাইন স্পিনিং ও উইভিং মিল্‌স্ লিঃ ৭, বি. বি. গাঙ্গুলী স্ট্রীট কলিকাতা-৭০০০১২	কাটাগঞ্জ নদীয়া	—	৫,৩০০	ঐ
৭	সেন্ট্রাল কটন মিল্‌স্ লিঃ ৯, ব্রেবোর্ণ রোড, কলিকাতা-৭০০০০১	বেলুড় হাওড়া	৫৩৪	৩৫,৪৬৪	ঐ
৮	কানোড়িয়া ইণ্ডাষ্ট্রীজ ৯৩, লর্ড সিন্‌হা রোড কলিকাতা-৭০০০১৬	কোন্নগর হুগলী	—	১২,০০০	ঐ
৯	সোদপুর কটন মিল্‌স্ সোদপুর, ২৪ পরগণা	সোদপুর ২৪ পরগণা	—	৬,১০০	ঐ
১০	শ্রীমহালক্ষ্মী কটন মিল্‌স্ লিঃ পল্‌তা, পোঃ বেঙ্গল এনামেল, ২৪ পরগণা	পল্‌তা ২৪ পরগণা	২৯৬	১৫,৬৭৬	ঐ

ক্রমিক সংখ্যা	মিলের নাম ও ঠিকানা	মিলের অবস্থান	তাঁতের সংখ্যা	টাকুর সংখ্যা	মন্তব্য
১১	লক্ষ্মী নারায়ণ কটন মিল্‌স্ লিঃ ৪ বি, গার্ষ্টিন প্লেস, কলিকাতা-৭০০০০১	রিষড়া হুগলী		১৫,৫৪০	N. T. C এর অধীন
১১	রামপুরিয়া কটন মিল্‌স্ লিঃ ৮বি, লালবাজার ষ্ট্রীট কলিকাতা-৭০০০০১	শ্রীরামপুর হুগলী	৭৩৬	১৭,১৮৪	ঐ
১৩	শ্রীদুর্গা স্পিনিং ও উইভিং মিল্‌স্ লিঃ ১৩৫, বিপ্লবী রাসবিহারী বোস রোড কলিকাতা-৭০০০০১	কোন্নগর হুগলী	৩০০	১৫,৮১৬	Industrial Reconstruction Corporation-এর অধীন
১৪	মোহিনী মিল্‌স্ লিঃ ১১, বিপ্লবী রাসবিহারী বোস রোড কলিকাতা-৭০০০০১	বেলঘরিয়া ১৪ পরগণা	৪৩১	৩১,৬০৮	
১৫	বঙ্গোদয় কটন মিল্‌স্ লিঃ ৪, বি. বা. দী. বাগ, ৬৪/৬৫ ষ্টীফেন হাউস, ৫ম তল, কলিকাতা-৭০০০০১	পানিহাটী ২৪ পরগণা	১৮০	১০,১০৪	ঐ
১৬	ময়ূরাক্ষী কটন মিল্‌স্ লিঃ ১৯, আর. এন. মুখার্জী রোড, কলিকাতা-৭০০০০১	পাচড়াহাট বীরভূম		১১,৮৮০	
	কল্যাণী স্পিনিং মিল্‌স্ লিঃ ৬এ, রাজা সুবোধ মল্লিক স্কোয়ার কলিকাতা-৭০০০০১ (নং ১)	কল্যাণী, নদীয়া	—	৫০,১৬০	পশ্চিমবঙ্গ সরকারের অধীন
১৮	ঐ (নং ২)	হাবড়া, ২৪ পরগণা	—	১৬,৩১৬	ঐ
১৯	ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ স্পিনিং মিল্‌স্ ১৫, গণেশচন্দ্র অ্যাভেনিউ (২য় তল) কলিকাতা-৭০০০১৩	শ্রীরামপুর হুগলী	—	৩,৬৪৮	ঐ
২০	শ্রীঅন্নপূর্ণা কটন মিল্‌স্ ও ইণ্ডাষ্ট্রীজ লিঃ পি-১০, নিউ হাওড়া ব্রীজ এপ্রোচ রোড, কলিকাতা-৭০০০০১	শ্যামনগর ২৪ পরগণা	৩০০	২৬,৯০৪	ব্যক্তিগত মালিকানাধীন
২১	বাউড়িয়া কটন মিল্‌স্ লিঃ ২১, ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা-১	বাউড়িয়া	৯৩৭	৬০,২০৮	ঐ
২২	বাসন্তী কটন মিল্‌স্ লিঃ ১ ও ২, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ন্যাশনাল টোবাকো হাউস কলিকাতা-৭০০০০১	পাণিহাটী ২৪ পরগণা	৩৫৬	১৭,২৪৮	ঐ
২৩	ইণ্ডিয়া জুট কোম্পানী লিঃ ১৬, ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা-৭০০০০১	শ্রীরামপুর	৪১১	৫০,২১২	

ক্রমিক সংখ্যা	মিলের নাম ও ঠিকানা	মিলের সংখ্যা	তাঁতের সংখ্যা	টাকুর সংখ্যা	মন্তব্য
১৪	কেশোরাম ইণ্ডাষ্ট্রীজ ও কটন মিল্স্ লিঃ ৯/১, আর, এন, মুখার্জ্জী রোড কলিকাতা-৭০০০০১	কলিকাতা-১৪	১১১৫	৭৫,৯৫০ ৬০০-ওয়েষ্ট	ব্যক্তিগত মালিকানাধীন
১৫	ডানবার মিল্স্ লিঃ ১১, ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা-৭০০০০১	শ্যামনগর	কটন ৮৩২ ক্যানভাস ১১৬ টেপ্/নেওয়ার-৮০	৬৭,০০৪ ১,০৮০-ওয়েষ্ট	ঐ
১৬	জয়শ্রী টেক্স্টাইল্স্ ও ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১৫, ইণ্ডিয়া এক্স্চেঞ্জ প্লেস্ কলিকাতা-৭০০০০১	রিষড়া	ফ্লাক্স্-৫০ আর্টসিল্ক-৪১ কটন-১৫১	২৪,৪৮০ ৫,১৩৬-ফ্লাক্স্	ঐ
১৭	ঐ পি-৪৬ এ, রাধাবাজার ষ্ট্রীট কলিকাতা-৭০০০০১	তাঁতীগড়িয়া মেদিনীপুর	—	১১,১৮০	ঐ
২৮	অনন্তপুর টেক্স্টাইল্স্ লিঃ ১৬১, নেতাজী সুভাষ রোড কলিকাতা-৭০০০০৭	ঝুমঝুমি অনন্তপুর হাওড়া	—	১৭,১৬৪	ঐ
১৯	হাডা টেক্স্টাইল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৪, গভর্ণমেণ্ট প্লেস কলিকাতা-৭০০০০১	বিষ্ণুপুর ১৪ পরগণা	—	১৫,০৫৬	ঐ
৩০	পোদ্দার প্রজেক্ট্স্ ৩১, ডালহৌসী স্কোয়ার কলিকাতা-৭০০০০১	তারাতলা	—	১৫,০৮৬	ঐ
৩১	শক্তিগড় টেক্স্টাইল্স্ ও ইণ্ডাষ্ট্রীজ ৪,গভর্ণমেণ্ট প্লেস, কলিকাতা—৭০০০০১	বরশূল, বর্দ্ধমান	—	১০,৩০৪	ঐ
৩১	আর. কে. ইন্ভেষ্টমেণ্ট্স্ লিঃ (শ্রীহনুমান কটন মিল্স্) ১৬, এ ব্রাবোর্ণ রোড, কলিকাতা—১	ফুলেশ্বর, উলুবেড়িয়া	—	২৮,৫৬৮	ঐ
৩৩	কটন ওয়েষ্ট স্পিনিং ও রোপ্ ৫১, জে. এন, মুখার্জ্জী রোড, হাওড়া	সালকিয়া	—	২,৪১০	ঐ
৩৪	নবনীত ইয়ার্ণ স্পিনিং ২০৮, যমুনালাল বাজাজ ষ্ট্রীট কলিকাতা – ৭০০০০৭	মধুসূদন ব্যানার্জ্জী রোড, বিরাটী	—	৩,১৬৮	ঐ
৩৫	পি. কে. ইণ্ডাষ্ট্রীজ, ৬৭, স্কুল রোড, সালকিয়া, হাওড়া।	সালকিয়া	—	৭৪৪	ঐ
৩৬	ডি. এন. চৌধুরী কটন মিল্স্ লিঃ আড়িয়াদহ, ২৪-পরগণা	আড়িয়াদহ	—	৭২০	ঐ
৩৭	জেয়ার এ্যাণ্ড কোং ১২, বি. এন. এস. রোড, কলিকাতা—১	ঘোষপাড়া রোড়, বারাকপুর	—	৩৭২	ঐ

টেব্‌ল্‌—১৯

পশ্চিমবঙ্গে আর্ট সিল্ক, ষ্টেপল ও উলেন মিলের তালিকা

ক্রমিক সংখ্যা	মিলের নাম ও ঠিকানা	মিলের স্থান	তাঁতের সংখ্যা	টাকুর সংখ্যা	মন্তব্য
১	শ্রীরাম সিল্ক ম্যানুফ্যাক্‌চারিং লিঃ ১৪, নেতাজী সুভাষ রোড, কলি—১	রিষড়া	১৫২ - আর্ট সিল্ক	—	ব্যক্তিগত মালিকানায়
২	ক্যালকাটা সিল্ক ম্যানুফ্যাক্‌চারিং কোং ১৩৫, বিপ্লবী রাসবিহারী বোস রোড, কলিকাতা - ৭০০০০১	সোদপুর ২৪-পরগণা	১১০— ঐ	—	ঐ
৩	ভিনার লিমিটেড ৯, বি. টি. রোড, কলিকাতা—৭০০০০২	৯, বি. টি. রোড কলিকাতা—২	—	—	ঐ—(৬টি ওয়ার্প নিটিং মেশিন)
৪	ঈষ্ট ইণ্ডিয়া ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১১২, শরৎ বসু রোড, পাণিহাটি, ২৪-পরগণা	পাণিহাটি ২৪-পরগণা	১১২—প্লেন ১৯—নন্‌-কটন ১০—ভেলভেট	—	ঐ
৫	প্রভাতী টেক্‌স্‌টাইলস্‌ ২৭এ, ক্যামাক ষ্ট্রীট, কলি-১৬	ঐ	৫১—অটো ১০—প্লেন	—	ঐ
৬	শরৎ টেক্‌স্‌টাইলস্‌ মিল্‌স্‌ ৯, বি. টি. রোড, কলিকাতা—২	৯, বি. টি. রোড কলিকাতা—২	৫৩—আর্ট সিল্ক ৮ - কটন	—	ঐ
৭	জ্যোতি উইভিং মিল্‌স্‌ লিঃ অবধায়ক—ন্যাশনাল টেক্সটাইল কর্পোঃ কলিকাতা	৫, এস. কে. দেব রোড, কলিকাতা	২০০—আর্ট সিল্ক ১৪—কটন	—	N.T.C.র অধীন
৮	ইণ্ডিয়া লিনোলিয়াম্‌স্‌ লিঃ (ভিক্টোরিয়া ডিভিসন) ৯/১, আর. এন. মুখার্জ্জী রোড কলিকাতা—১	১৪, ডঃ এইচ্‌. কে. চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ঘুসুড়ী হাওড়া	—	১১৩১০—স্পান	ব্যক্তিগত মালিকানায়
৯	ঈষ্টার্ণ স্পিনিং মিল্‌স্‌ পি-৪৬ এ, রাধা বাজার লেন, কলিকাতা-১	কদমগাছি ২৪ পরগণা	—	১৪৬৮৮	ব্যক্তিগত মালিকানায় (আরও ১০৫৬০টি টাকু সংযোজিত হওয়ার পথে)
১০	জেনারেল ইণ্ডাষ্ট্রীয়াল সোসাইটী লিঃ ৮, ইণ্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, পোঃ বঃ ৮৫৯, কলিকাতা-১	চম্পাদানি হুগলী	৩০০	৩৭০০৪	ঐ
১১	বিড়লা জুট ম্যানুফ্যাকচারিং কোং লিঃ ৯/১, আর. এন. মুখার্জী রোড, কলিকাতা-১	বিড়লাপুর	—	৪৫৩২০	ঐ
১২	বেঙ্গল ন্যাশনাল টেক্‌স্‌টাইল মিল্‌স্‌ লিঃ ২, ব্রাবোরণ রোড, কলিকাতা-১	বিরাটী ২৪ পরগণা	—	৪০০০ ওরষ্টেড	ঐ

ক্রমিক সংখ্যা	মিলের নাম ও ঠিকানা	মিলের স্থান	তাঁতের সংখ্যা	টাকুর সংখ্যা	মন্তব্য
১৩	কুসুম উল ও উলেনস্ ৭৪, বেলেঘাটা মেন রোড কলিকাতা-১০	বেলেঘাটা মেন রোড কলিকাতা	৬	১৪০ শক্তি	ঐ
১৪	ভারত উলেন মিল্‌স্ ৩৫ ডি, চৌরঙ্গী রোড, কলিকাতা	টালিগঞ্জ কলিকাতা	১৭ (১নং মিল)	১৪৭৬ ওরষ্টেড	ব্যক্তিগত মালিকানায়
১৫	ঐ	বেলঘরিয়া কলিকাতা-৫৬	৪৫	১৩৮০ শক্তি	ঐ
১৬	উল কম্বারস্ অফ্ ইণ্ডিয়া লিঃ ৩১, নেতাজী সুভাষ রোড, কলিকাতা-১	জগদ্দল ২৪ পরগণা	—	—	ঐ
১৭	জয়শ্রী টেক্‌স্‌টাইল্‌স্ এ্যাণ্ড ইণ্ডাষ্ট্রীজ লিঃ রিষড়া, হুগলী	রিষড়া হুগলী	৮ ওরষ্টেড	১০৩৬ ওরষ্টেড	ঐ

টেব্‌ল্—২০

১৯৭৩-এর ১লা ডিসেম্বর পর্য্যন্ত মিলগুলির installed capacity-র বিবরণ।

	পশ্চিমবঙ্গে	সারা ভারতে
Composite Mills	১৭ সরকারী পরিচালনাধীন—৭ ব্যক্তিগত মালিকানায়—১০	২৮৮
Spinning Mills	১৯ সরকারী পরিচালনাধীন ৮ ব্যক্তিগত মালিকানায়—১১	৪০১
মোট তাঁতের সংখ্যা	৯৫৭২ সরকারী পরিচালনাধীন মিলে—৩১৬০ ব্যক্তিগত মালিকানাধীন মিলে—৬৪১২	১,০৫,৬২০
মোট টাকুর সংখ্যা	৯,৭১,১০০ সরকারী পরিচালনাধীন মিলে—৩,২৬,৭১২ ব্যক্তিগত মালিকানাধীন মিলে—৬,৪৪,৩৮৮	১,৮৪,৫০,০০৬

টেব্‌ল্—২১

মিল সমূহের উৎপাদনের বিবরণ

সাল	পশ্চিমবঙ্গে সুতা (হাজার কেজিতে)	পশ্চিমবঙ্গে কাপড় (হাজার মিটারে)	সারা ভারতে সুতা (হাজার কেজিতে)	সারা ভারতে কাপড় (হাজার মিটারে)
১৯৬৯	৪৩৪৫১	১৭৬৪৫৭	৯৫১০৬৬	৪১৬৮৩৯০
১৯৭০	৩৯৭৮৪	১৫১০৭০	৯৬৪৭৫৬	৪১৫৭০৯৪
১৯৭১	২৬৯২৯	১১৪৫৬৪	৮৮০৯৯০	৩৯৫৬৭৮৮
১৯৭২	৩৮১১৯	১৫৬৭৫৪	৯৭২০০০	৪২৪৫০০০
১৯৭৩	৫৪৫২৮	১৯৩৪৯৬	৯৯৮১৯৫	৪১৬৮৮৫৪

টেব্‌ল—২২

পশ্চিমবঙ্গে জেলা ভিত্তিক কাপড়ের হাটের তালিকা

জেলার নাম	হাট ও বাজারের নাম	কি কি বারে হাট হয়	কি জাতীয় বস্ত্র সূতা বিক্রয় হয়	দৈনিক লেন-দেনের আনুমানিক মূল্য (হাজার টাকায়)
হুগলী	রাজবলহাট ডাক ঘর-রাজবলহাট	দৈনিক (বিশেষ করে রবিবার)	ধুতি, শাড়ী ও সূতা	১৫।১৬ লক্ষ টাকা
	মগরা	দৈনিক	ধুতি, শাড়ী	
	ত্রিবেণী	দৈনিক	ধুতি, শাড়ী	
	শ্রীরামপুর	দৈনিক	ধুতি, শাড়ী ও সূতা	
	চন্দননগর	দৈনিক	ধুতি, শাড়ী	
	তারকেশ্বর	দৈনিক	ধুতি, শাড়ী ও সূতা	
	আরামবাগ	দৈনিক	ধুতি, শাড়ীও সূতা	
	ধনিয়াখালি	দৈনিক (বিশেষ করে সোম ও শুক্রবার)	মিহি ধুতি, শাড়ী ও সূতা	
	বেগমপুর	দৈনিক	শাড়ী	
	চণ্ডিতলা	দৈনিক	ধুতি, শাড়ী	
	হরিপাল	দৈনিক	ধুতি, শাড়ী	
	চুঁচড়া	দৈনিক (বিশেষ করে বৃহস্পতিবার)	ধুতি, শাড়ী	
	খানাকুল	দৈনিক	ধুতি	
	সাহাগঞ্জ, পোঃ সাহাগঞ্জ	দৈনিক	শাড়ী	
হুগলী	চাঁপদানী, পোঃ চাঁপদানী	দৈনিক	গামছা ও লুঙ্গি	
	মোমহাট (চণ্ডিতলা) পোঃ ঐ	দৈনিক (বিশেষ করে বৃহস্পতিবার)	ধুতি, শাড়ী	
	দশঘড়া, পোঃ দশঘড়া	ঐ	ধুতি, শাড়ী	
	উত্তর পাড়া	দৈনিক	ধুতি, শাড়ী	
	জনাই, পোঃ জনাই	দৈনিক	শাড়ী	
	জঙ্গীপাড়া, পোঃ ঐ	দৈনিক (বিশেষ করে বৃহস্পতিবার)	ধুতি, শাড়ী	
	পাণ্ডুয়া, পোঃ ঐ	রবি, বৃহস্পতিবার, দৈনিক সকালে বাজার	ধুতি, শাড়ী, গামছা ও লুঙ্গি	
	বাঁশবেড়িয়া	দৈনিক	ধুতি, শাড়ী, গামছা প্রভৃতি	
নদীয়া	শান্তিপুর শরভুক্ত বাজার	দৈনিক বিকালে	জ্যাকার্ড বর্ডার শাড়ী ও টাঙ্গাই	৬০০০ টাকা
			শাড়ী ও মিহি ধুতি	
	সূত্রগড় হাট	বৃহস্পতিবার এবং রবিবার বিকাল	ঐ	৩/৪ লক্ষ টাকা
	নবদ্বীপ পোঃ নবদ্বীপ	বৃহস্পতিবার বিকাল শুক্রবার সকাল	ধুতি ও শাড়ী ৩১ নং সূতা হতে ১১০ নং সূতা	

জেলার নাম	হাট ও বাজারের নাম	কি কি বারে হাট হয়	কি জাতীয় বস্ত্র সূতা বিক্রয় হয়	দৈনিক লেন-দেনের আনুমানিক মূল্য (হাজার টাকা)
বাঁকুড়া	রাজগ্রাম পোঃ রাজগ্রাম	দৈনিক	ধুতি, শাড়ী, গামছা এবং সূতা	৭৭৫ টা.
	বাঁকুড়া, পোঃ বাঁকুড়া	ঐ	ঐ	১১০০ ,,
	গোপিনাথপুর পোঃ ঐ	ঐ	ঐ	১২২৫ ,,
	কেঞ্জাকুড়া, পোঃ কেঞ্জাকুড়া	ঐ	বস্ত্র	৮০ ,,
	বিষ্ণুপুর, পোঃ বিষ্ণুপুর	ঐ	বস্ত্র ও সূতা	১৫০ ,,
	সোনামুখী, পোঃ সোনামুখী	ঐ	বস্ত্র	১৫ ,,
	খাটরা, পোঃ খাটরা	বুধবার	ঐ	১৫ ,,
	রায়পুর পোঃ গড়াইপুর	সোমবার ও মঙ্গলবার	ঐ	১৫ ,,
পুরুলিয়া	পুরুলিয়া, পোঃ পুরুলিয়া	দৈনিক	বস্ত্র ও সূতা	১১০০ টা.
	কান্টাডিহি, পোঃ ঐ	সোমবার	বস্ত্র	৩০ ,,
	বলরামপুর, পোঃ ঐ	মঙ্গলবার	ঐ	৪০ ,,
	বড় বাজার, পোঃ ঐ	রবিবার	ঐ	৪০ ,,
	বান্দুয়াণ, পোঃ ঐ	বুধবার	ঐ	৩০ ,,
	বামন ডিহি, পোঃ ঐ	বৃহস্পতিবার	ঐ	১০ ,,
	মান বাজার, পোঃ ঐ	মঙ্গলবার	ঐ	১৫ ,,
	আদড়া, পোঃ ঐ	রবিবার	ঐ	৫০ ,,
	আনাড়া, পোঃ ঐ	শুক্রবার	ঐ	৩০ ,,

জেলার নাম	হাট ও বাজারের নাম	কি কি বারে হাট হয়	কি জাতীয় বস্ত্র সূতা বিক্রয় হয়	দৈনিক লেন-দেনের আনুমানিক মূল্য (হাজার টাকা)
বীরভূম	তাঁতীপাড়া পোঃ তাঁতীপাড়া	দৈনিক	রেশম বস্ত্র বিক্রয় হয়	—
	সাঁইথিয়া পোঃ সাঁইথিয়া	শুক্রবার	ধুতি, শাড়ী, সূতা	—
	পাইকড় পোঃ পাইকড়	—	গামছা, লুঙ্গী, মোটা শাড়ী	—
কুচবিহার	বাবুর হাট পোঃ নীলকুঠি	প্রত্যেক শনিবার	ধুতি, শাড়ী গামছা ও সূতা	—
	দিনহাটা পোঃ দিনহাটা	রবিবার ও বুধবার	ঐ	—
	ভবানী গঞ্জ বাজার	দৈনিক (রবিবার ব্যতীত)	—	—
জলপাইগুড়ি	বরোবাসা পোঃ বরোব	—	শাড়ী ও গামছা	—

জেলার নাম	হাট ও বাজা নাম	কি কি বার হাট হয়	কি জাতীয় বস্ত্র, সূতা বিক্রয় হয়	দৈনিক ন-দেনের আনু মানিক মূল্য হাজার টাকা)
		বৃধবার অর্দ্ধদিবস ও বৃহস্পতিবার পূর্ণদিবস ব্যতীত সমস্ত দিন	প্রকার বস্ত্র ও সূতা	১০,০০০ ট
	খড়্গপুর গোলব	ঐ	ঐ	৩৭,০০০ ট
			ঐ	৭৩ ০০০ টা:
	ঝাড়গ্রাম	ও রবিবার পূর্ণ দিবস ব্যতীত সমস্ত দিন সামবার অর্ধদিবস ও মঙ্গলবার পূর্ণ-দিবস ব্যতীত দমস্ত দিন	ঐ	৯৪,০০০ ট
	দাদকুমড়া ডাকঘর, দাদকুমড়া	রবিবার এবং বৃধবার	ঐ	৮১,০০০ টা:
	চন্দ্রকোণা রোড ডাকঘর— সাতবানকুরা	রবিবার এব বৃহস্পতিবার	ঐ	৩১,০০০ ট
	সালবোনি ডাকঘর. সালবোনি	বুধবার শুক্রবার	ঐ	০৯,৬০০ টা:

জলার নাম	হাট ও ব র ন	কি কি বার হাট হয়	কি জাতীয় বস্ত্র, সূতা বিক্র হয়	দৈনিক লেন দেনেরআনু-মানিক মূল্য হাজার টাকা)
মদিনীপুর	কাকুড়দ ডাকঘর. কাকুড়দ	প্রতি রবিবার	সর্ব্বপ্রকার বস্ত্র ও সূত	৭০,০০০ টা:
	বেলদা ডাকঘর. বেলদ	দৈনিক (বিশেষ করে বুধবার	ঐ	৫৭,০০০ টা:
	বলপাহাড়ী ডাকঘর. বেলপ ড়ী	প্রতি বুধবার	ঐ	৩৭,০০০ টা:
	শিলদা ডাকঘর, শিলদ	প্রতি শুক্রবার	ঐ	৪৭,০০০ টা:
	খারিক ডাকঘর, খারব	প্রতি বৃধবার	ঐ	১৪,০০০ ট
	কাথি হাট ডাকঘর কাথি	বৃহস্পতি এবং রবিবার	ঐ	১,৯ ০০০ ট
	গোবিন্দ বাজার হাট (নীলপুর গ্রাম ভজ চাউলি ডাকঘর—ধানডালিবার	মঙ্গলবার এব শুক্রবার	ঐ	০০০ টা:
	সাতমাইল হাট ডাকঘর—সাতম ইল	বৃধবার এবং শনিবার	ঐ	০০০ টা:
	এগরা হাট ডাকঘর এগরা	বুধবার এব শনি	ঐ	২০,০০০ ট
	পানি ল হাট	লবার এব	ঐ	৪২,০০০ টা

জেলার নাম	হাট ও বাজারের নাম	কি কি বার হাট হয়	কি জাতীয় বস্ত্র, সূত বিক্রয় হয়	দৈনিক লেনদেনের আনুমামিক মূল হাজার
।পুর	প্রতাপদীঘি হাট গ্রাম ও ডাকঘর—প্রতাপদীঘি	সোমবার এবং বৃহস্পতিবার,	সর্ব্বপ্রকার বস্ত্র ও সূতা	৪৫,০০০ ট
	নাজির বাজার হাট গ্রাম ও ডাকঘর নাজির হাট	সোমবার এবং বৃহস্পতিবার	ঐ	৪০,০০০ টা
	মোঙলামার হাট গ্রাম ও ডাকঘর মোঙলামার	মঙ্গলবার এবং শুক্রবার	ঐ	৩৪,৬০০ ট
	দেউলিহাট গ্রাম ও ডাকঘর দেউলিহাট	সোমবার এবং শুক্রবার	ঐ	৩ ৬০০ ট
	মীরগোদা হাট গ্রাম ও ডাকঘর মীরগোদা	বুধবার এবং শনিবার	ঐ	৩৩,০০০ ট
	রাধামনি ডাকঘর, কেলমল	প্রতি বুধবার	ঐ	
	শনিবারের হাট গ্রাম গোলমাগুরি ডাকঘর, মহাদল	প্রতি শনিবার	ঐ	৪,০০,০০০ ট
	মহিষাদল হাট গ্রাম ও ডাকঘর মহিষাদল	মঙ্গলবার ও শনিবার	ঐ	১০,০০০ ট

জেলার নাম	হাট বাজারের নাম	কি কি বারে হাট হয়	কি জাতীয় বস্ত্র, সূত বিক্রয় হ	দৈনিক লেনদেনের আনুমানিক মূল্যের (হাজার টাকা)
কলিকাতা	হরিসাহা হাট	রবি বুধবার	বস্ত্র ও গামছা ও মশারি	১,১৫ ০০০ টাঃ
হাওড়	হাওড়া হাট	মঙ্গলবার	শাড়ী, ধুতি, মশারি, গামছা	৮,০০,০০০ টাঃ
১৪ পরগণা	হাবরা ট	মঙ্গল ও শুক্রবার	শাড়ী, গামছা, শীত চাদর, বিছানার চাদর ও সূতা ১০ নং-১০০ নং ১/১০ নং—১/৮০ নং	৬১,০০০ টাঃ
	কাকদ্বীপ বাজার	মঙ্গলবার বাদে সকল দিন	শাড়ী, গামছা ও সূতা	৭৫,০০০ টাঃ
	ঙ্গর বাজার	মঙ্গল র বাদে সকল দিন	গামছা, বাঁদিপোতা, ব্যাণ্ডেজ ও সূতা	৭,৪০,০০০ টাঃ
	মটিয়া হাট		গামছা, গজ ও ব্যাণ্ডেজ এবং সূতা	১০,০০,০০০ টাঃ
	বসিরহাট, হাট	নব বা সকল	শাড়ী, গামছা, গজ ও ব্যাণ্ডেজ এবং সূতা	৪৮,০০,০০০ টাঃ

জেলার নাম	হাট ও বাজারের নাম	কি কি বারে হাট হয়	কি জাতীয় বস্ত্র সূতা বিক্রয় হয়	দৈনিক লেন দেনের আনু-মানিক মূল্য (হাজার টাকা)
মুর্শিদাবাদ	দমকল পোঃ দমকল	মঙ্গলবার	গামছা, লুঙ্গি, চাদর, বিছানার চাদর প্রভৃতি সূতা বিক্রয় হয়	
	ধুলিয়ান পোঃ ধুলিয়ান	বুধবার ও শুক্রবার	ধুতি ও শাড়ী সূতা বিক্রয় হয়	
	শালার পোঃ শালায়	ঐ	সূতা	
পশ্চিম দিনাজপুর	রসাখোয়া পোষ্ট ঐ থানা করণদীঘি	প্রত্যেক রবিবার	ধুতি, শাড়ী ও সূতা	৩০ হাজার টাকা
	বিলাসপুর পোঃ ঐ	সোমবার ও বৃহস্পতিবার	ঐ	৪০ ,,
	পতিরাজ পোঃ ঐ থানা ইতাহার	প্রত্যেক রবিবার	ঐ	৪০ ,,
	পানিমলা পোঃ ঐ থানা রায়গঞ্জ	প্রত্যেক রবিবার	ঐ	৩০ ,,
	বান্দার পোঃ ঐ থানা রায়গঞ্জ	রবিবার ও বৃহস্পতিবার	ঐ	১৫ ,,

জেলার নাম	হাট ও বাজারের নাম	কি কি বারে হাট হয়	কি জাতীয় বস্ত্র সূতা বিক্রয় হয়	দৈনিক লেন-দেনের আনু-মানিক মূল্য (হাজার টাকা)
পশ্চিম দিনাজপুর	জিতকা পোঃ ঐ	প্রতি সোমবার	শাড়ী, লুঙ্গি ও সূতা	৩০ টা.
	মহারাজ পোঃ ঐ থানা রায়গঞ্জ	প্রতি মঙ্গলবার		১৫ ,,
	মোহিনীগঞ্জ পোঃ ঐ থানা রায়গঞ্জ	প্রতি বৃহস্পতিবার	শাড়ী, ধুতি, গামছা, সূতা	৩০ ,,
	দূর্গাপুর পোঃ ঐ থানা দুর্গাপুর	প্রতি শনিবার	শাড়ী, লুঙ্গি ও সূতা	১৫ ,,
	বড় দুয়ারী থানা রায়গঞ্জ	প্রতি শনিবার	শাড়ী, সূতা	১৫ ,,
	কামার হাট পোঃ ঐ থানা কালিয়াগঞ্জ	বুধবার	শাড়ী, গামছা	১০ ,,
	ধানকুল পোঃ ঐ থানা ধানকুল	সোমবার	শাড়ী, সূতা	১৫ ,,
	সরাই হাট পোঃ ঐ থানা খনিয়াদপুর	মংগলবার	শাড়ী লুঙ্গি প্রভৃতি ও সূতা	১৫০০০ টাকা
	বিষ্ণুপুর থানা হেমন্তাবাদ	বৃহস্পতিবার	ঐ	৩০,০০০ টাকা
	কমলাবাড়ী থানা ঐ	শুক্রবার	ঐ	১৫,০০০ টাকা

জেলার নাম	হাট ও বাজারের নাম	কি কি বারে হাট হয়	কি জাতীয় বস্ত্র সূতা বিক্রয় হয়	দৈনিক লেন-দেনের আনুমানিক মূল্য (হাজার টাকা)
পশ্চিম দিনাজপুর	হরিরামপুর থানা বংশীবাড়ী	শুক্রবার	শাড়ী, লুঙ্গি প্রভৃতি ও সূতা	৩০,০০০ টাকা
	গঙ্গারামপুর পোঃ ও থানা— গঙ্গারামপুর	সোমবার	ঐ	৩০,০০০ টাকা
মালদহ	হশ্চিন্দ্রপুর পোঃ ও থানা : হরিশ্চন্দ্রপুর	বৃহস্পতিবার ও শনিবার	শাড়ী, লুঙ্গি ও গামছা	২০ হাজার টাকা
	তুলসীতলা থানা—ঐ	রবিবার	ঐ	১০ হাজার টাকা
	কুশিদা পো : কুশিদা থানা হরিশ্চন্দ্রপুর	বৃহস্পতিবার	ঐ	১৪০০০ টাকা
	কুমেদপুর পো : কুমেদপুর থানা ঐ	শনিবার	ঐ	২০ হাজার ,,
	মোহা হাট থানা হরিশ্চন্দ্রপুর	সোমবার	ঐ	২০ হাজার ,,
	চঞ্চল, পোঃ চঞ্চল থানা—খরবা	বুধবার	শাড়ী, লুঙ্গি গামছা ও সূতা	২৫ হাজার ,,
	গোসাই হাট পোঃ—গোসাই থানা—কালিয়া চক্	বুধবার	শাড়ী ও সূতা	২৫ হাজার টাকা

জেলার নাম	হাট ও বাজারের নাম	কি কি বারে হাট হয়	কি জাতীয় বস্ত্র সূতা বিক্রয় হয়	দৈনিক লেন-দেনের আনুমানিক মূল্য (হাজার টকা
মালদহ	আইহো থানা—হবিবপুর	রবিবার	মোটা শাড়ী	২০ হাজার টাকা
	বুলবুলচণ্ডি পোঃ—বুলবুলচণ্ডি	বৃহস্পতিবার	শাড়া গামছা	২০ হাজার টাকা
	পাকুয়া হাট থানা—বামনগোলা	মংগলবার	শাড়ী, গামছা ও সূতা	১৪ হাজার টাকা
	গজোল হাট পোঃ—গজোল	বৃহস্পতিবার	ঐ	১৫ হাজার টাকা
	দীঘির হাট থানা—গজোল	শুক্রবার	ঐ	১৫ হাজার টাকা
	রতনপুর (সামসি হাট) পোঃ রতনপুর থানা—খরবা	বৃহস্পতিবার	শাড়ী ও সূতা	৩০ হাজাহ টাকা
	বালুপুর থানা খরবা	মংলগ বার	মোটা শাড়ী ও গামছা	১০ হাজার
	নবাবগঞ্জ (বেনিয়া) পোঃ নবাবগঞ্জ	রবিবার ও বুববার		১০ হাজার
	ইংলিশ বাজার পোঃ ইংলিশ বাজার	সোমবার ও বৃহস্পতি বার	শাড়ী, গামছা	১৫ হাজার
	মথুরাপুর পোঃ মানিকঠক	শনিবাব		২০ হাজার
	কানিয়াগঞ্জ (বাবু হাট) পোঃ কালিয়াগঞ্জ	সোমবার ও শুক্রবার	শাড়ী ও সূতা	৫০,০০০ হাজার

প্রশাসনিক নিয়ন্ত্রণ তালিকা

ডাইরেকট্‌রেট্‌ অব্‌ হ্যাণ্ডলুম অ্যাণ্ড টেকস্‌টাইলস্‌ কর্ত্তৃক প্রচারিত এবং
বি. রায় চৌধুরী, ১২০, আশুতোষ মুখার্জ্জী রোড কলিকাতা-২৫ হইতে মুদ্রিত।